# বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা, ঢাকা -১০০০

নং-১৪.৩২.০০০০.৭০২.৫১.০০১.১৮.৯২১ তারিখ: ৩১-০৫-২০১৮ খ্রিঃ

## বাংলাদেশে টেলিকমিউনিকেশন ভ্যালু অ্যাডেড সার্ভিসেস (টিভিএএস)

## প্রদানের লক্ষ্যে রেজিস্ট্রেশন সার্টিফিকেট জারির জন্য

## রেগুলেটরি গাইডলাইন



মোঃ নূরন্নবী
পরিচালক (লাইসেন্সিং)
লীগ্যাল এন্ড লাইসেন্সিং বিভাগ
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

# সূচিপত্র


| | | |
|---|---|---|
| ১. | বাংলাদেশে টেলিকমিউনিকেশন ভ্যালু অ্যাডেড সার্ভিসেস (টিভিএএস) প্রদানের লক্ষ্যে রেজিস্ট্রেশন সার্টিফিকেট জারির জন্য রেগুলেটরি গাইডলাইন............................................................................................... | ৩-২২ |
| ২. | **পরিশিষ্ট-১:** আবেদন ফরম.............................................................................................................. | ২৩-২৫ |
| ৩. | **পরিশিষ্ট-২:** হলফনামা................................................................................................................... | ২৬-২৭ |
| ৪. | **পরিশিষ্ট-৩:** টেলিকমিউনিকেশন ভ্যালু অ্যাডেড সার্ভিসেস প্রদানকারীর জন্য রেজিস্ট্রেশন সার্টিফিকেট এর নমুনা... | ২৮ |
| ৫. | **তফসিল-১:** ব্যাখ্যা, সংজ্ঞা এবং শব্দসংক্ষেপ.................................................................................... | ২৯-৩০ |

# বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা, ঢাকা -১০০০

## বাংলাদেশে টেলিকমিউনিকেশন ভ্যালু অ্যাডেড সার্ভিসেস (টিভিএএস) প্রদানের লক্ষ্যে রেজিস্ট্রেশন সার্টিফিকেট জারির জন্য রেগুলেটরি গাইডলাইন

### ১। প্রারম্ভিক

১.০১ সরকার বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনকে (অতঃপর ''কমিশন'' বলে অভিহিত) বাংলাদেশে টেলিকমিউনিকেশন ভ্যালু অ্যাডেড সার্ভিসেস (অতঃপর 'টিভিএএস' হিসেবে অভিহিত) প্রদানের জন্য অনুমোদিত গাইডলাইন জারি করার ক্ষমতা অর্পন করেছে। সেই হিসেবে কমিশন বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ (সংশোধিত) (অতঃপর ''আইন'' বলে অভিহিত) এর ধারা ৩১ এর অধীনে বাংলাদেশে টেলিকমিউনিকেশন ভ্যালু অ্যাডেড সার্ভিসেস (টিভিএএস) প্রদানের জন্য রেজিস্ট্রেশন সার্টিফিকেট জারি করার ক্ষমতা প্রাপ্ত হয়েছে।

১.০২ স্বচ্ছতা, ন্যায্যতা ও বৈষম্যহীনতার নীতিমালাসহ অন্যান্য সকল প্রাসঙ্গিক নীতিমালাসমূহ যথাযথ বিবেচনায় নিয়ে কমিশন বাংলাদেশে টিভিএএস প্রদানে রেজিস্ট্রেশন সার্টিফিকেট গ্রহণে আগ্রহী আবেদনকারীদের জন্য রেগুলেটরি গাইডলাইন জারি করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

১.০৩ বর্তমান প্রযুক্তির যে রূপান্তরমূলক সুবিধা বিদ্যমান রয়েছে, তাদের মধ্যে মোবাইল ফোন সেবা উল্লেখযোগ্য উদাহরণ। যেহেতু মোবাইল ফোন প্রযুক্তি উন্নত ও উদীয়মান অর্থনীতির মধ্যে সমভাবে ব্যবহৃত হয়, তাই এখানে উন্নত যোগাযোগ, তথ্য-আদান-প্রদান এবং জ্ঞান লাভের ব্যাপক সুযোগ রয়েছে। সাধারণত, এই বর্ধিত সামর্থ্য আয় বৃদ্ধি, জীবনমান উন্নয়ন এবং অর্থনৈতিক সক্ষমতার সুযোগ বৃদ্ধির সাথে সরাসরি সম্পর্কযুক্ত। টেলিকম শিল্পে সেলুলার মোবাইল ফোন অপারেটরদের (সিএমপিও) মূল সেবা ভয়েস, এসএমএস এবং ডাটার পাশাপাশি টেলিকমিউনিকেশন ভ্যালু অ্যাডেড সার্ভিসেস (টিভিএএস) প্রদানের সুযোগ দেওয়া হয়েছে। তারা সাধারণত উপযুক্ত সেবা প্রদানে মূল্য সংযোজন/ভ্যালু অ্যাড করার লক্ষ্যে নতুন রাজস্বের ক্ষেত্র তৈরি ও সিএমপিওদেরকে একে অপরের থেকে আলাদা করতে সাহায্য করে এবং গ্রাহককে আরও বেশি পরিমাণে মূল সেবাসমূহ ব্যবহার করতে উৎসাহিত করে। এসএমএস, ইউএসএসডি, আইভিআর এবং স্মার্ট ফোন অ্যাপের মাধ্যমে সঙ্গীত, সংবাদ এবং ক্রীড়া-সংক্রান্ত বিষয়বস্তু ও রিং ব্যাক টোনস (এমন একটি সেবা যা ব্যবহারকারীর কলারকে উত্তরের জন্য অপেক্ষমান থাকাকালীন সময়ে সঙ্গীত শোনাতে সক্ষম) টিভিএএস-এর বাণিজ্যিক উদাহরণ। যেখানে স্মার্টফোন উল্লিখিত সকল প্রযুক্তি সমর্থন করে, সেখানে বেসিক এবং ফিচার ফোন এর জন্য এসএমএস, ইউএসএসডি এবং আইভিআর এর মাধ্যমে প্রাথমিকভাবে টিভিএএস সেবা প্রদান করা হয়। কিছু ফিচার ফোন

মোবাইল ওয়েবের সাথে সংযুক্ত হতে পারে (ডব্লিউএপি প্রযুক্তির মাধ্যমে) এবং অ্যাপস এটি ব্যবহার করতে পারে; যদিও, ধীর গতির জন্য সেগুলো জনপ্রিয় নয় এবং বেশীরভাগ প্রান্তিক ব্যবহারকারীর নিকট খরচ একটি গুরুত্বপূর্ণ বিষয় হওয়া সত্ত্বেও অপারেটরগণ গ্রাহকদের উন্নত ব্যবহার অভিজ্ঞতা প্রদানের লক্ষ্যে থ্রি-জি এবং ফোর-জি নেটওয়ার্কের মাধ্যমে স্মার্ট ফোনের দিকে ধাবিত করছে।

১.০৪ মোবাইল গ্রাহকদের ক্রমবর্ধমান সংখ্যার সাথে যেকোনো সফল নতুন সেবা উল্লেখযোগ্য হারে অতিরিক্ত পরিমাণ এভারেজ রেভিনিউ পার ইউজার (এআরপিইউ) তৈরি করতে পারে। এ পরিস্থিতিতে, টেলিকমিউনিকেশন ভ্যালু অ্যাডেড সার্ভিসেস (টিভিএএস) টেলিযোগাযোগ খাতে একটি বড় ধরনের আশীর্বাদ বয়ে আনতে পারে। টিভিএএস হল একটি প্রধান ক্ষেত্র, যা নতুন পণ্যের প্রবর্তনের মাধ্যমে বাজারের অতিরিক্ত প্রবৃদ্ধি ঘটায়। টেলিকম খাতে মোবাইল নেটওয়ার্ক অপারেটরদের পাশাপাশি পাবলিক সুইচড টেলিফোন নেটওয়ার্ক (পিএসটিএন) এবং ইন্টারনেট প্রোটোকল টেলিফোনি সার্ভিস প্রোভাইডার (আইপিটিএসপি) অপারেটরদের জন্য টিভিএএস রাজস্বের প্রধান উৎস হতে পারে। যা হোক, বর্তমানে এই ফোনগুলি প্রধানত মৌলিক সেবাগুলির জন্য ব্যবহৃত হয়; যদিও প্রযুক্তি এবং বিদ্যমান অবকাঠামো মৌলিক সেবাগুলির বাইরে বিভিন্ন নন-ভয়েস ভ্যালু অ্যাডেড এবং ডেটা সম্পর্কিত সেবাগুলির জন্য ব্যবহৃত হতে পারে। বর্তমানে, রিংটোন, কলার রিং ব্যাক টোন (সিআরবিটি) ইত্যাদির মতো ভ্যালু অ্যাডেড সার্ভিসেস এবং কিছু মোবাইল ফিন্যাসিয়াল সার্ভিস মোবাইল অপারেটরদের জন্য অতিরিক্ত রাজস্ব সৃষ্টি করছে। এতদসত্ত্বেও, বিভিন্ন দেশ, উন্নত এবং উন্নয়নশীল উভয় ক্ষেত্রেই দেখা যায় যে, টেলিযোগাযোগ প্রবৃদ্ধির প্রাথমিক পর্যায়ের পরে নন-ভয়েস সেবাগুলি এই খাতের প্রবৃদ্ধির প্রধান চালক হয়ে উঠেছে। গেমিং, ভিডিও এবং অডিও স্ট্রিমিং, স্টক কোটস, নিউজ, ক্রিকেট আপডেট, টেলি-ভোটিং, চ্যাটিং ইত্যাদির মতো বর্তমানে অসংখ্য অ্যাপ্লিকেশন সেবা জনপ্রিয় হয়ে উঠছে। প্রতিটি সেবার বিষয়বস্তু, খরচ এবং চাহিদার মধ্যে পার্থক্য রয়েছে এবং বিভিন্ন পর্যায়ের গ্রাহকদের জন্য কাস্টমাইজ করা হয়েছে। ফোরজি এবং ব্রডব্যান্ড ওয়্যারলেস অ্যাকসেস (বিডব্লিউএ) সেবার প্রবর্তনের ফলশ্রুতিতে এই দৃশ্যকল্পে একটি বড় আকারে পরিবর্তন হতে চলেছে; আর উচ্চ ব্যান্ডউইথ-বিশিষ্ট মাল্টিমিডিয়া কনটেন্ট সেবা, মোবাইল টিভি, অনলাইন গেমিং এবং ই-গভর্ন্যান্স, ই-কমার্স, ই-শিক্ষা, ই-স্বাস্থ্যের মতো ইউটিলিটি অ্যাপ্লিকেশনগুলি অ্যাপ্লিকেশন সেবাগুলির চাহিদার পাশাপাশি অ্যাপ্লিকেশন সেবাগুলির উদ্ভাবন পণ্যের-অফার এর চাহিদাকে আরো জোরদার করছে।

১.০৫ টিভিএএস শিল্পের একটি সাধারণ "ভ্যালু চেইনে" কনটেন্ট সরবরাহকারী/কনটেন্ট নির্মাতা/অ্যাপ্লিকেশন নির্মাতা, প্রযুক্তি-সক্ষমকারী এবং অ্যাক্সেস নেটওয়ার্ক সার্ভিস (এএনএস) প্রদানকারীকে অন্তর্ভুক্ত করে। গ্রাহককে পরিপূর্ণ টিভিএএস সেবা প্রদান করতে টিভিএএস শিল্পে প্রধান অংশীজনদের প্রত্যেককে নিজস্ব ভূমিকা পালন করতে হবে। গ্রাহকের প্রয়োজন অনুসারে কন্টেন্ট অ্যাগ্রিগেটরগণ কনটেন্ট প্রোভাইডার/ কনটেন্ট ডেভেলপারদের (বা ছোট বুটিক) বিষয়বস্তু এবং অ্যাপ্লিকেশনগুলিকে একত্রিত করে সরবরাহ করবে। টেকনোলজি-এনেবলার প্রয়োজনে অ্যাগ্রিগেটরকে একটি প্ল্যাটফর্ম প্রদান করতে পারবে, যা অ্যাগ্রিগেটরের প্ল্যাটফর্মকে অ্যাক্সেস নেটওয়ার্ক সার্ভিস (এএনএস) প্রদানকারীদের সাথে সংযুক্ত করবে। টেকনোলজি-এনেবলারস, প্ল্যাটফর্মটি বিভিন্ন অ্যাপ্লিকেশনের একত্রীকরণ, হিসাব সমন্বয় ও রক্ষণাবেক্ষণ করে এবং বিলিং ডাটা প্রদানের মাধ্যমে সেবাসমূহ থেকে উৎপন্ন রাজস্ব (প্রযোজ্য ক্ষেত্রে) অ্যাক্সেস নেটওয়ার্ক সার্ভিস (এএনএস) প্রদানকারী, টেকনোলজি-এনেবলার, এগ্রিগেটর এবং কনটেন্ট মালিকদের মধ্যে বন্টন করা হবে। উল্লেখ্য যে, প্রযুক্তির ধরণ, কনটেন্টের প্রকার এবং চাহিদা ইত্যাদির মত কতিপয় বিষয়ের উপর রেভিনিউ শেয়ারিং নির্ভরশীল।

১.০৬ সেলুলার নেটওয়ার্কের আসন্ন ফাইভ-জি প্রযুক্তি যোগাযোগ, অ্যাপ্লিকেশন, ডিজিটাল কনটেন্ট এবং বাণিজ্যকে রূপান্তর করতে প্রস্তুত। প্রান্তিক ব্যবহারকারীর কোয়ালিটি অফ এক্সপেরিয়েন্স (QoE) এর ক্ষেত্রে একদা যা ধীর অথবা সহনীয় পর্যায়ে ছিল, তা ফাইভ-জি প্রযুক্তি উদ্ভাবনের ফলে আরও দ্রুত গতি সম্পন্ন হবে। শীর্ষস্থানীয় অ্যাপ্লিকেশন আল্ট্রা-লো-ল্যাটেন্সীর যে সুবিধাগুলি উপলব্ধি করবে তার মধ্যে রয়েছে ইন্ডাসট্রিয়াল অটোমেশন, রোবোটিক্স এবং ভার্চুয়াল রিয়ালিটি। এই অ্যাপস এবং সেবাগুলিকে পরবর্তী প্রজন্ম হিসাবে বিবেচনা করা হয় কারণ এগুলি প্রান্তিক-ব্যবহারকারীদের (End User) জন্য সম্পূর্ণ আলাদা QoE মূর্ত করবে, যার ফলে হ্যাপটিক ইন্টারনেটের মতো বর্ধিত ক্ষমতার মাধ্যমে নতুন বৈশিষ্ট্য/কার্যকারিতা এবং অটোমশন সিস্টেম এর দিকে পরিচালিত করবে। এলটিই/ফোর-জি এর বিপরীতে ফাইভ-জি একটি উদ্দেশ্য-নির্মিত প্রযুক্তি, যা পরিকল্পিত ও প্রকৌশলগত ভাবে ডিভাইসসমূহের মধ্যে সংযোগ স্থাপনের পাশাপাশি অটোমেশন সিস্টেমগুলিকেও সহজতর করবে। বিভিন্নভাবে ফাইভ-জি প্রযুক্তি পরবর্তী শিল্প বিপ্লবে সহায়ক এবং ত্বরান্বিতকারী হিসাবে বিবেচিত হবে, যা 'ইন্ডাস্ট্রি ৪.০' হিসাবে উল্লেখ করা হয়ে থাকে। স্মার্ট কারখানা, বুদ্ধিবৃত্তিক পণ্য এবং সেবা ছাড়াও সামগ্রিকভাবে এন্টারপ্রাইজ এবং উচ্চ ক্ষমতার আরবান ওয়্যারলেস অ্যাপ্লিকেশনগুলির অন্যান্য সুবিধাগুলির দিকে নজর দেওয়া দরকার।

১.০৭ ফোরজি এর পদার্পন এর সাথে আগামী বছরগুলিতে ফাইভ জি-এর বিকাশকে বিবেচনা করে, কন্টেন্ট ডেভেলপমেন্ট, কনটেন্ট অ্যাগ্রিগেশন, টেকনোলজি প্ল্যাটফর্ম ইত্যাদির মতো ভ্যালু অ্যাডেড সার্ভিসগুলির সামগ্রিক অংশে বৃদ্ধির জন্য একটি টেকসই ও সামঞ্জস্যপূর্ণ কাঠামো তৈরি করা প্রয়োজন। এক্ষেত্রে পরিকল্পিত গাইডলাইন টিভিএএস শিল্পে বিনিয়োগের প্রবাহকে সক্ষম করবে, সৃষ্টভোক্তাদের উপকৃত করবে, উদ্যোক্তাদের উৎসাহিত করবে এবং একই সাথে সকল অংশীজনদের জন্য অতিরিক্ত রাজস্ব প্রবাহ তৈরি করবে।

১.০৮ স্বচ্ছতা, ন্যায্যতা, বৈষম্যহীনতা এবং অন্যান্য সকল প্রাসঙ্গিক নীতির যথাযথ বিবেচনায় নিয়ে টেলিকমিউনিকেশন ভ্যালু অ্যাডেড সার্ভিসেস (টিভিএএস) সংক্রান্ত গাইডলাইন জারি করা হচ্ছে। এই গাইডলাইন এবং তৎসংশ্লিষ্ট নিবন্ধনের শর্তাবলী এই আইন, তৎপরবর্তী কোন আইন, সরকার কর্তৃক প্রণীত বিদ্যমান আইন বা খাত সংশ্লিষ্ট নীতি, এবং সরকার বা কমিশন কর্তৃক এতদুদ্দেশ্যে সময়ে সময়ে জারি করা অন্যান্য বিধি, প্রবিধান, ডিক্রি, আদেশ, সিদ্ধান্ত, গাইডলাইন, নির্দেশনা এবং দলিলাদি এর সাথে সামঞ্জস্য করে পড়তে হবে।

১.০৯ জাতীয় নিরাপত্তার স্বার্থে, বা জনস্বাস্থ্য, বা সংবিধিবদ্ধ, বা আদালতের আদেশ, বা অন্য যেকোনো কারণ বিবেচনায় নিয়ে এই গাইডলাইনের যেকোনো অংশ সময়ে সময়ে পরিবর্তন, হালনাগাদ, সংশোধন, পরিবর্তিত বা প্রত্যাহারের অধিকার ও ক্ষমতা কমিশন সংরক্ষণ করে।

## ২। উদ্দেশ্য

২.০১ বাংলাদেশে টেলিকমিউনিকেশন ভ্যালু অ্যাডেড সার্ভিসেস (টিভিএএস) প্রদান ও পরিচালনার নিমিত্তে একটি রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রাপ্তির জন্য আবেদনকারীদের রেজিস্ট্রেশন এবং নিয়ন্ত্রণ কাঠামোর একটি রূপরেখা প্রদান করা এই গাইডলাইনের লক্ষ্য।

২.০২ নিবন্ধনের লক্ষ্য নিম্নরূপঃ

২.০২.০১ টেলিকমিউনিকেশন ভিএএস সংক্রান্ত আইনগত ও নিয়ন্ত্রনমূলক কাঠামো প্রদান;

২.০২.০২ সাধারণ জনগনের নিকট নিরাপদ, ব্যবহারযোগ্য, কার্যকরী, সার্বজনীন এবং সহজলভ্য টেলিকমিউনিকেশন ভিএএস প্রদান করা;

২.০২.০৩ বিনিয়োগকারীদের টেলিযোগাযোগ খাতে বিনিয়োগে উৎসাহী করতে ও প্রেরণা যোগাতে যা প্রতিযোগিতামূলক এবং সেবাগ্রহীতাদের নিকট উন্নত সেবা প্রদানের মাধ্যমে অপারেটরসহ জাতীয় কোষাগারে অতিরিক্ত রাজস্ব নিশ্চিত করা;

২.০২.০৪ বৈচিত্র এবং উদ্ভাবনীমূলক টেলিযোগাযোগ ব্যবসার উদ্যোগ গ্রহণ করতে স্থানীয় টেলিযোগাযোগ/আইসিটি খাতের উদ্যোক্তাদের অনুপ্রেরণা প্রদান করা;

২.০২.০৫ সাম্যবস্থা তৈরীর মাধ্যমে সকল টেলিকমিউনিকেশনস টিভিএএসপি এর জন্য প্রতিযোগিতামূলক বাজার সৃষ্টি করা;

২.০২.০৬ সফটওয়্যার/এপ্লিকেশন উন্নয়ন প্রতিষ্ঠানসমূহকে প্রযুক্তি আদান প্রদানে উৎসাহিত করা;

২.০২.০৭ বাংলাদেশ হতে টেলিযোগাযোগ ভিত্তিক আইটি সমর্থিত সেবার রপ্তানী বৃদ্ধি এবং দেশেও এসব সেবার জন্য বাজার সৃষ্টি করা;

২.০২.০৮ বাংলাদেশের টেলিযোগাযোগ/আইসিটি খাতে ডাটা কমিউনিকেশন সেবার বর্ধিত প্রবৃদ্ধি নিশ্চিত করা;

২.০২.০৯ এই গাইডলাইনের অধীনে স্থানীয় টিভিএএসপি নেটওয়ার্ক ব্যবহার করে টিভিএএসপি রেজিস্ট্রেশন সার্টিফিকেট ছাড়াও দেশে ও বিদেশে যেকোন সেবা প্রদানকারীর মাধ্যমে প্রস্তাবিত টেলিযোগাযোগ সেবার জন্য যথাযথ উপায়ে টিভিএএসপি এর জন্য রেভিনিউ শেয়ারিং এর পরিবেশ তৈরী করা;

২.০২.১০ টিভিএএস ব্যবহার করে গ্রাহকদের অধিকার রক্ষা এবং প্রতিবন্ধকতাহীন প্রবৃদ্ধির জন্য বাজারে উপযোগী পরিবেশ বজায় রাখা;

২.০২.১১ গ্রাহকদের টিভিএএস সংক্রান্ত অভিযোগ সুবিধাজনক, ন্যায্যতা ও দক্ষতার সাথে সমাধান নিশ্চিত করা;

২.০২.১২ প্রচলিত আইন অনুসারে সকল প্রকার মেধাস্বত্ব অধিকার রক্ষা করা;

২.০২.১৩ স্থানীয় উদ্ভাবনে উন্নতি সাধন করা;

৩। সংজ্ঞা এবং ব্যাখ্যা

এই গাইডলাইনে ব্যবহৃত শব্দাবলীর সংজ্ঞা এবং ব্যাখ্যা তফসিল-১ হিসাবে সংযুক্ত করা হয়েছে।

৪। শিরোনাম

এই রেগুলেটরি গাইডলাইন ''বাংলাদেশে টেলিকমিউনিকেশন ভ্যালু অ্যাডেড সার্ভিসেস (টিভিএএস) প্রদানের লক্ষ্যে রেজিস্ট্রেশন সার্টিফিকেট জারির জন্য রেগুলেটরি গাইডলাইন'' নামে অভিহিত হবে এবং এই গাইডলাইন দ্বারা জারিকৃত রেজিস্ট্রেশন সার্টিফিকেট ''বাংলাদেশে টেলিকমিউনিকেশন ভ্যালু অ্যাডেড সার্ভিসেস (টিভিএএস) প্রদানের জন্য রেজিস্ট্রেশন সার্টিফিকেট'' নামে আখ্যায়িত হবে।

৫। প্রয়োগ এবং গাইডলাইনের সূচনা

৫.০১ বাংলাদেশে টেলিযোগাযোগ সংক্রান্ত ভ্যালু অ্যাডেড সার্ভিসেস রেজিস্ট্রেশন প্রক্রিয়াকরণ, মঞ্জুর ও রেজিস্ট্রেশন কার্যক্রম পরিচালন এবং স্থাপন, রক্ষণাবেক্ষণ ও টেলিযোগাযোগ ভ্যালু অ্যাডেড সার্ভিস প্রদানকারীর উপর এই গাইডলাইন প্রযোজ্য হবে।

৫.০২ এই গাইডলাইন সরকার কর্তৃক অনুমোদিত এবং কমিশন কর্তৃক জারির তারিখ হতে কার্যকর হবে।

৬। আইনগত আবশ্যকতা

বাংলাদেশের টেলিযোগাযোগ শিল্পকে নিয়ন্ত্রণকারী আইনসমূহ যা সকল আবেদনকারী এবং টিভিএএস রেজিস্ট্রেশন সার্টিফিকেটধারীর জন্য প্রযোজ্য হবে তা নিম্নে দেয়া হলো:

ক) বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ (সংশোধিত)।

খ) দ্যা ওয়্যারলেস টেলিগ্রাফী অ্যাক্ট, ১৯৩৩ এবং টেলিগ্রাফ অ্যাক্ট, ১৮৮৫, যেক্ষেত্রে বিষয়সমূহ বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ (সংশোধিত) এর আওতাভুক্ত নয়।

গ) সংসদের যেকোনো আইন বা অধ্যাদেশ এবং সরকার কর্তৃক প্রণীত বা প্রণীতব্য কোনো বিধি বা প্রবিধান।

ঘ) এই আইনের অধীন কমিশন হতে জারিকৃত বা জারিতব্য বিধি/বিধিমালা/ গাইডলাইন/ নির্দেশিকা/ নির্দেশনা/ সিদ্ধান্ত।

৭। টেলিকমিউনিকেশন ভ্যালু অ্যাডেড সার্ভিস এর রেজিস্ট্রেশন পদ্ধতি

উন্মুক্ত রেজিস্ট্রেশন পদ্ধতিতে টিভিএএস রেজিস্ট্রেশন করা হবে। এই গাইডলাইনের প্রয়োজনীয়তা অনুযায়ী যোগ্যতা, শর্তাদি প্রতিপালন সাপেক্ষে কমিশন আবেদনকারীকে টিভিএএসপি রেজিস্ট্রেশন সার্টিফিকেট জারি করবে।

৮। রেজিস্ট্রেশনের মেয়াদ

প্রাথমিকভাবে রেজিস্ট্রেশনের মেয়াদ হবে ০৫ (পাঁচ) বছর। প্রাথমিক মেয়াদান্তে টিভিএএসপিকে পরবর্তী প্রত্যেক ০৫ (পাঁচ) বছর মেয়াদের জন্য প্রয়োজনীয় ফি এবং চার্জ প্রদান করে কমিশনের অনুমোদন সাপেক্ষে এবং/অথবা কমিশন কর্তৃক প্রত্যেক নবায়নকালীন নির্ধারিত শর্তসাপেক্ষে নবায়ন করা যেতে পারে।

৯। যোগ্যতা

৯.০১ বাংলাদেশের আইনানুসারে জয়েন্ট স্টক অব কোম্পানীজ এন্ড ফার্ম এর অধীনে নিবন্ধিত যৌথ উদ্যোগে গঠিত বিদেশী শেয়ারহোল্ডিং প্রতিষ্ঠান (কনসোর্টিয়াম এন্ড কোম্পানীজ) অংশীদারী ফার্ম টেলিকমিউনিকেশন ভ্যালু অ্যাডেড সার্ভিসেস (টিভিএএস) রেজিস্ট্রেশন সার্টিফিকেটের জন্য আবেদন করার যোগ্য হবে। তবে বাংলাদেশী প্রতিষ্ঠানের এনআরবি এবং/অথবা পার্টনার হিসেবে বিদেশী প্রতিষ্ঠান থাকতে পারে। এনআরবি-এর অংশীদারিত্ব/কনসোর্টিয়াম এবং/অথবা বাংলাদেশী পার্টনার ব্যতীত বিদেশী প্রতিষ্ঠান যোগ্য নয়। কনসোর্টিয়ামের ক্ষেত্রে সার্টিফিকেট জারির পূর্বে বাংলাদেশের সংশ্লিষ্ট আইনের অধীনে একটি কোম্পানী গঠন করতে হবে।

৯.০২ বিদেশী প্রতিষ্ঠান বাংলাদেশী অংশীদারের সাথে একসাথে আবেদন করার ক্ষেত্রে, বিদেশী ইক্যুইটি সর্বাধিক ৭০% (সত্তর শতাংশ) পর্যন্ত সীমাবদ্ধ থাকবে; তবে কোনো স্বনামধন্য বিদেশী অংশীদারের ক্ষেত্রে কমিশন প্রয়োজনে বিদেশী ইক্যুইটির পরিমাণ বাড়াতে পারে। বিদেশী অংশীদার সরাসরি তার মালিকানার আনুপাতিক হারে বৈদেশিক মুদ্রায় বিনিয়োগ করবে এবং বিনিয়োগের বিদেশী অংশের জন্য কোনো বাংলাদেশী তফসিলি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান/লিজিং কোম্পানি হতে ব্যাংক ঋণ গ্রহণ করা যাবে না।

৯.০৩ এনআরবি বাংলাদেশী অংশীদারের সাথে আবেদন করার ক্ষেত্রে বিদেশী ইক্যুইটির পরিমাণের উপর কোন সীমাবদ্ধতা নেই। এনআরবি সরাসরি বৈদেশিক মুদ্রায় বিনিয়োগ করবে এবং তার বিনিয়োগের অংশের জন্য কোনো বাংলাদেশী তফসিলি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান/লিজিং কোম্পানি হতে ব্যাংক ঋণ গ্রহণ করা যাবে না।

৯.০৪ সিএমপিও এর লাইসেন্সের শর্ত অনুযায়ী তারা টিভিএএস প্রদানের জন্য যোগ্য। গাইডলাইন জারি করার পরে তারা "সিএমপিও-টিভিএএসপি" হিসাবেও যোগ্য হবে এবং এই গাইডলাইনে উল্লিখিত সকল শর্তাবলী অনুসরণ-পূর্বক শুধুমাত্র তাদের নিজস্ব নেটওয়ার্কের মধ্যে টেলিকমিউনিকেশন ভ্যালু অ্যাডেড সার্ভিসেস প্রদান করতে পারবে।

৯.০৫ বাংলাদেশী প্রতিষ্ঠান (বাংলাদেশী আইনানুসারে জয়েন্ট স্টক অব কোম্পানীজ এন্ড ফার্ম এর অধীনে নিবন্ধিত কনসোর্টিয়াম, অংশীদার ও কোম্পানী) অথবা বৈধ ট্রেড লাইসেন্স প্রাপ্ত যেকোন বাংলাদেশী প্রতিষ্ঠান টিভিএএসপি রেজিস্ট্রেশন সার্টিফিকেটের জন্য আবেদন করার যোগ্য হবে। তথাপি, বাংলাদেশী সত্তার অংশীদার হিসাবে এনআরবি এবং/অথবা বিদেশী সত্তা থাকতে পারে। এনআরবি এবং/অথবা বাংলাদেশী অংশীদার ছাড়া বিদেশী সত্তার কোন অংশীদারিত্ব/কনসোর্টিয়াম এক্ষেত্রে যোগ্য হবে না।

১০। অযোগ্যতা

১০.০১ কোনো আবেদনকারী রেজিস্ট্রেশন সার্টিফিকেট পাওয়ার অযোগ্য হবে, যদি-

১০.০১.০১ ব্যক্তির ক্ষেত্রে-

১০.০১.০১.০১ তিনি একজন উন্মাদ ব্যক্তি;

০১.০১.০১.০২ এই আইন ব্যতীত অন্য কোন আইনের অধীনে আদালত তাকে ২ (দুই) বছর বা তার বেশি মেয়াদে কারাদন্ডে দন্ডিত করেছে এবং উক্ত দন্ড থেকে মুক্তিলাভের পর থেকে ০৫ (পাঁচ) বছর সময় অতিবাহিত হয়নি;

১০.০১.০১.০৩ এই আইনের অধীনে কোন অপরাধ করার জন্য তাকে আদালত কর্তৃক দন্ডিত করা হয়েছে এবং উক্ত দন্ড থেকে মুক্তিলাভের পর থেকে ০৫ (পাঁচ) বছর সময় অতিবাহিত হয়নি;

১০.০১.০১.০৪ তাকে আদালত দেউলিয়া ঘোষণা করেছে এবং দেউলিয়াত্বের দায় থেকে তাকে অব্যাহতি প্রদান করা হয়নি;

১০.০১.০১.০৫ তিনি ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের ঋণ খেলাপি হিসেবে উক্ত ব্যাংক বা প্রতিষ্ঠান বা বাংলাদেশ ব্যাংক বা আদালত কর্তৃক খেলাপি ঋণদাতা হিসেবে চিহ্নিত বা ঘোষিত হয়েছেন;

১০.০১.০১.০৬ বিগত ৫ (পাঁচ) বছরের মধ্যে কোন সময় তার লাইসেন্স কমিশন বাতিল করেছে;

১০.০১.০২ আবেদনকারী একটি অংশীদারি প্রতিষ্ঠান বা কোম্পানি বা কর্পোরেশন বা সোসাইটি বা অন্য কোন সংস্থা-

১০.০১.০২.০১ অনুচ্ছেদ (১০.০১.০১) এর উপ-অনুচ্ছেদ (১০.০১.০১.০১) থেকে (১০.০১.০১.০৫) এর বিধান এটির মালিকের জন্য প্রযোজ্য, বা এর শেয়ারহোল্ডার ডিরেক্টর বা যেকোন অংশীদারদের ক্ষেত্রে প্রযোজ্য; অথবা

১০.০১.০২.০২ উপরের অনুচ্ছেদ ((১০.০১.০১) এর উপ-অনুচ্ছেদ (১০.০১.০১.০৬) এটির জন্য প্রযোজ্য।

১০.০২ যদি কমিশনের নিকট কোনো বকেয়া পাওনা থাকে এবং চূড়ান্ত নোটিশে উল্লিখিত সময়ের মধ্যে তা পরিশোধ করতে ব্যর্থ হয় তাহলে কোনো সত্তা আবেদন করার যোগ্য হবে না, যদি না বিষয়টি কোনো বিচারিক নিষ্পত্তির জন্য অপেক্ষমান থাকে।

**১১। ব্যবস্থাপনা কাঠামো পরিবর্তন**

১১.০১ সেকেন্ডারি মার্কেটে লেনদেন ব্যতীত মালিকানা বা শেয়ারহোল্ডিংয়ে কোনো পরিবর্তন করার পূর্বে রেজিস্ট্রেশনকারীকে কমিশনের নিকট হতে লিখিত অনুমোদন চাইতে হবে। কমিশনের পূর্বানুমোদন ব্যতীত মালিকানা বা শেয়ারহোল্ডিংয়ের কোনো পরিবর্তন বৈধ বা কার্যকর হবে না।

১১.০২ রেজিস্ট্রেশনকারী কমিশনের লিখিত পূর্বানুমোদন ব্যতীত কোন শেয়ার হস্তান্তর অথবা নতুন কোন শেয়ার ইস্যু করতে পারবে না।

১১.০৩ এই গাইডলাইনে অন্তর্ভুক্ত উপরোক্ত শর্তগুলির যে কোন একটি লঙ্ঘনের ফলে রেজিস্ট্রেশন সার্টিফিকেট বাতিল করা হবে।

**১২। রেজিস্ট্রেশন গাইডলাইনের প্রাপ্যতা**

১২.০১. তথ্যের জন্য বিটিআরসি ওয়েবসাইটে www.btrc.gov.bd এই গাইডলাইনটি পাওয়া যাবে।

১২.০২ নির্ধারিত আবেদন ফরম, রেজিস্ট্রেশনের সাধারণ/নমুনা ফরম এবং আবেদনের দিক-নির্দেশনার তথ্যসম্বলিত গাইডলাইনটি কমিশনের ওয়েবসাইটে পাওয়া যাবে।

**১৩। আবেদন ফরম**

আবেদনকারী ''টেলিকমিউনিকেশন ভ্যালু অ্যাডেড সার্ভিসেস রেজিস্ট্রেশেন সার্টিফিকেট'' এর জন্য নির্ধারিত ফরম যথাযথভাবে পূরণ করে স্বাক্ষর, সীলমোহর এবং অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ আবেদনপত্র দাখিল করবে। নির্ধারিত আবেদন ফরমসহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রাদির তালিকা এই গাইডলাইনের পরিশিষ্ট-১ হিসেবে সংযুক্ত রয়েছে।

**১৪। কাগজপত্রাদি দাখিল**

১৪.০১ আবেদনকারী পরিশিষ্ট-১ এ সংযুক্ত ফরম্যাট অনুযায়ী যথাযথভাবে পূরণকৃত নির্ধারিত ফরম, নোটারী পাবলিক কর্তৃক সত্যায়নপূর্বক হলফনামা, অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ লেটার হেড প্যাডে আবেদনপত্র দাখিল করবে। আবেদনের সাথে গাইডলাইনসহ জমাকৃত সকল কাগজপত্র আবেদনকারী কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি দ্বারা স্বাক্ষরিত হতে হবে।

১৪.০২ বাংলাদেশের যে কোন তফসিলী ব্যাংক হতে পে-অর্ডার অথবা ব্যাংক ড্রাফট আকারে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন এর অনুকূলে আবেদন/প্রক্রিয়াকরণ ফি হিসেবে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা (ভ্যাট ও ট্যাক্স ব্যতীত) জমা দিতে হবে।

১৪.০৩ আবেদনকারী(গণ) প্রয়োজনীয় সকল কাগজপত্রসহ ০২ কপি আবেদন দাখিল করবে, যার ০১ (এক)টি হবে মূল কপি। আবেদনকারী(গণ) পোর্টেবল হার্ড ড্রাইভে সকল কাগজপত্রাদির সফটকপি কমিশনে দাখিল করবে।

১৪.০৪ আবেদনে প্রদত্ত তথ্য বা নথিপত্র অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে আবেদন প্রত্যাখ্যান করার অধিকার ও কর্তৃত্ব কমিশন সংরক্ষণ করে।

**১৫। রেজিস্ট্রেশন সার্টিফিকেটের নমুনা ফরম**

এই গাইডলাইনের পরিশিষ্ট-৩ এ ''টেলিকমিউনিকেশন ভ্যালু অ্যাডেড সার্ভিসেস প্রদানকারীর জন্য রেজিস্ট্রেশন সার্টিফিকেট'' এর নমুনা ফরম সংযুক্ত রয়েছে।

**১৬। আবেদন প্রক্রিয়া**

১৬.০১ আবেদনকারী কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র মূল্যায়নের লক্ষ্যে কমিশন কর্তৃক একটি মূল্যায়ন কমিটি গঠন করা হবে। মূল্যায়ন কমিটি কমিশনের নিকট তাদের সুপারিশ দাখিল করবে। কমিটির সুপারিশ বিবেচনা করে, কমিশন রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রদান করবে।

১৬.০২ আবেদনকারীর নিকট হতে কমিশনের অতিরিক্ত তথ্য প্রয়োজন হলে, কমিশন উক্ত তথ্যের জন্য আবেদনকারীর নিকট লিখিতভাবে অনুরোধ করতে পারবে। অনুরোধকৃত তথ্য নির্দিষ্ট সময়ের মধ্যে কমিশনে প্রেরণ করা হলে কমিশন তার উপর সিদ্ধান্ত গ্রহণ করবে।

**১৭। সিস্টেমস ও সার্ভিসেস**

১৭.০১ কারিগরি এবং অপারেশনাল সিস্টেমস প্রধানত টেলিযোগাযোগ যন্ত্রপাতিগুলোর সমন্বয়ে গঠিত যা গ্রাহককে সেবা প্রদানকারীর কনটেন্ট অ্যাক্সেস এবং/অথবা প্রদান এবং/অথবা সেবা সরবরাহ করতে ব্যবহৃত হয়। অতএব, সাধারণ প্রযুক্তি সেবা প্রদানকারী সিস্টেম যা, এসএমএসসি, ওবিডি ও ভিওবিডি প্লাটফর্ম, ডব্লিউএপি পোর্টাল, আইভিআর প্লাটফর্ম, ইউএসএসডি গেটওয়ে, এনওসি, ডাটা সেন্টার, পেমেন্ট গেটওয়ে, চার্জিং প্লাটফর্ম, প্রটোটাইপ প্রোডাক্ট টেস্টিং সিস্টেম, কনটেন্ট স্টোর, স্ট্রিমিং সার্ভার, আইপি মাল্টিমিডিয়া সাব-সিস্টেম, এলবিএস, মিডিয়া ও রিসোর্স সার্ভার, ডাটা কমিউনিকেশন সিস্টেম, বিভিন্ন সংশ্লিষ্ট ডাটাবেজ সিস্টেম, সেন্ট্রালাইজড অপারেশন এবং মেইন্টেন্যান্স সেন্টার (ওএমসি), গ্রাহক সেবা কেন্দ্র, পাওয়ার সাপ্লাই ব্যবস্থা ইত্যাদি নিয়ে দেশের অভ্যন্তরে স্থাপিত হবে। গ্রাহক এক্সেস নেটওয়ার্ক এর মাধ্যমে সংযুক্ত হবে। সিস্টেমটিতে ল'ফুল ইন্টারসেপশন (এলআই) এবং এলআই প্রতিপালনের সক্ষমতা থাকতে হবে। তবে, বিদ্যমান ও ভবিষ্যত ভিএএস সেবার প্রকৃতি বিবেচনায় রেজিস্ট্রেশনকারী বহিঃঅবকাঠামো বা প্লাটফর্ম যেমন ক্লাউড ভিত্তিক সেবা, স্টোরেজ, ব্যাকআপ ও রিকভারী ব্যবস্থাপনা, বিশ্লেষণমূলক এবং উচ্চ ক্ষমতাসম্পন্ন কম্পিউটিং, ওয়েব হোস্টিং, সফটওয়্যার এবং এপিআই এর মাধ্যমে পরিচালিত এপ্লিকেশন ইত্যাদির সাথে সংযোগ

স্থাপনের মাধ্যমে তার সেবা অধিকতর নিরাপদ করতে পারে। গ্রাহক এক্সেস নেটওয়ার্ক এর মাধ্যমে সংযুক্ত হবে। সকল অভ্যন্তরীন এবং বহিঃঅবকাঠামোতে ল'ফুল ইন্টারসেপশন (এলআই) এবং এলআই প্রতিপালনের সক্ষমতা থাকতে হবে।

১৭.০২ গ্রাহকদের নিকট টিভিএএস সেবা প্রদান করার ক্ষেত্রে টিভিএএসপি, নিচের যেকোনো একটি উপায়ে এএনএস এর সাথে সংযুক্ত হবেঃ

১৭.০২.০১ গ্রাহকদের টিভিএএস সেবা প্রদানের জন্য এএনএস অপারেটরকে টিভিএএসপি সিস্টেম সরাসরি অ্যাক্সেস প্রদান করার ন্যূনতম প্রয়োজনীয় কারিগরি ব্যবস্থা থাকতে হবে।

১৭.০২.০২ কারিগরি সক্ষমতাহীন কোন টিভিএএসপি এএনএস অপারেটরের সাথে সংযোগের মাধ্যমে কারিগরি সক্ষমতা সম্পন্ন অন্য একটি টিভিএএসপি/সিএমপিও-টিভিএএসপি দ্বারা গ্রাহকদের সেবা দিতে পারবে।

১৭.০৩ টিভিএএসপি/সিএমপিও-টিভিএএসপি এর জন্য টেলিকমিউনিকেশন ভ্যালু এ্যাডেড সার্ভিসসমূহ (টিভিএএস) নিম্নরূপঃ

১৭.০৩.০১ টিভিএএসপি/সিএমপিও-টিভিএএসপি কর্তৃক নিম্নলিখিত ভ্যালু এ্যাডেড সার্ভিসসমূহ প্রদান অন্তর্ভূক্ত হবে, তবে ইহা সীমিত নয়ঃ ই-স্বাস্থ্য, ই-শিক্ষা, মিউজিক স্টেশন, ই-কৃষি, কলার টিউন, কল ব্লক, মিসড কল এলার্ট, আবহাওয়ার পূর্বাভাস, স্পোর্টস এলার্ট, ব্রেকিং নিউজ/নিউজ আপডেট, কৌতুক, জ্যোতিষ শাস্ত্র, কুইজ, অনলাইন গেমিং, ভিডিও অন ডিমান্ড ইত্যাদি।

১৭.০৩.০২ কমিশন হতে পূর্বানুমতি গ্রহণ সাপেক্ষে যে কোন ভ্যালু এ্যাডেড সার্ভিস প্রদান করা যাবে। কমিশন সময়ে সময়ে টিভিএএসপি/সিএমপিও-টিভিএএসপি-এর তালিকা প্রস্তুত এবং প্রকাশ করবে।

১৭.০৪ টিভিএএসপি'দের এএনএস অপারেটরে অ্যাক্সেস এর সুযোগ থাকবে এবং তারা সার্ভিস লেভেল এগ্রিমেন্ট (এসএলএ) অনুযায়ী অনুমোদিত সেবা প্রদান করবে। এএনএস অপারেটরগণ তাদের নেটওয়ার্কে প্রবেশাধিকার প্রদানের ক্ষেত্রে পক্ষপাতহীন, ন্যায্য ও স্বচ্ছ থাকবে।

১৭.০৫ এএনএস অথবা টিভিএএসপি অথবা উভয়ে এমন একটি বিলিং সিস্টেম পরিচালন করবে, যেখানে অর্থ সমন্বয়/ফেরৎ প্রদানের ব্যবস্থা থাকতে হবে, যা সরকার/কমিশনের নিকট গ্রহণযোগ্য এবং এ সংক্রান্ত সেবা প্রদান ও বিলিং এর স্বচ্ছতার জন্য ব্যবহার বিবরণ, ডাউনলোড পরিমাণ, গ্রাহকের ধরণ, গ্রাহক ও ব্যবহারের পরিসংখ্যান ইত্যাদি সংরক্ষণ করতে হবে।

১৭.০৬ গাইডলাইনস অনুযায়ী টিভিএএসপি অন্য যেকোন টিভিএএসপির সাথে চুক্তিবদ্ধ হলে তাদের সমঝোতা চুক্তি অনুসারে অথবা সময়ে সময়ে কমিশন কর্তৃক প্রদত্ত নির্দেশনা অনুযায়ী রেভিনিউ শেয়ারিং মডেল অনুসরণ করবে।

১৭.০৭ বাংলাদেশ ব্যাংক এবং অন্যান্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিয়ম-নীতি অনুসরণ করে আর্থিক লেনদেন সংশ্লিষ্ট সেবা, এয়ার-টাইম বিল সংগ্রহ অথবা এএনএস এর মাধ্যমে রেমিটেন্স প্রেরণ কার্যক্রম পরিচালনা করবে। যেকোন টিভিএএস বা এর অনুসঙ্গ যেখানে যথাযথ কর্তৃপক্ষের সম্মতি প্রয়োজন, সেখানে তাদের নিকট হতে পূর্বানুমতি গ্রহণ করতে হবে।

১৭.০৮ শর্ট কোড বরাদ্দকরণ প্রক্রিয়া অনুসরণ করে প্রয়োজনে কমিশন হতে টিভিএএসপি এর অনুকূলে শর্ট কোড প্রদান করা হবে, যা ভিন্ন ভিন্ন এএনএস অপারেটরের গ্রাহকদের ব্যবহার উপযোগী হবে।

১৭.০৯ টিভিএএসপি/সিএমপিও-টিভিএএসপি প্রতিষ্ঠান কর্তৃক বিদেশী স্বত্বাধিকারী/মালিকানাধীন টিভিএএস বাংলাদেশের অভ্যন্তরে প্রদান করার ক্ষেত্রে কমিশনের নিকট হতে পূর্বানুমোদন গ্রহণ করতে হবে।

**১৮। বাধ্যবাধকতা**

১৮.০১ টিভিএএসপি/সিএমপিও-টিভিএএসপি অত্র গাইডলাইনের আওতায় বাংলাদেশে টেলিকম ভ্যালু অ্যাডেড সার্ভিস ও সিস্টেম স্থাপন, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ করবে।

১৮.০২ দাপ্তরিক যোগাযোগের জন্য টিভিএএসপি/সিএমপিও-টিভিএএসপি/টিভিএএসপি এর নিবন্ধিত কার্যালয়, ওয়েবসাইট [প্রচলিত জেনেরিক টপ লেভেল ডোমেইন (জিটিএলডি)/ কান্ট্রি কোড টপ লেভেল ডোমেইন (সিসিটিএলডি)], মোবাইল নম্বর ও ই-মেইল অ্যাড্রেস থাকতে হবে। টিভিএএসপি তার ঠিকানায় কোন প্রকার পরিবর্তনের ব্যাপারে কমিশনকে অবহিত করবে।

১৮.০৩ টিভিএএসপি/সিএমপিও-টিভিএএসপি ভবিষ্যত রেফারেন্সের জন্য তার যন্ত্রপাতি, কার্যক্রম এবং গ্রাহক সংক্রান্ত দলিলাদি যথাযথভাবে সংরক্ষণ করবে।

১৮.০৪ কমিশন পূর্ব ঘোষণা ছাড়াই সময়ে সময়ে লিখিত আদেশের মাধ্যমে যেকোনো পরিদর্শককে টিভিএএসপি/সিএমপিও-টিভিএএসপি-এর ওয়ার্কশপ/স্টোর/অফিস/ল্যাবরেটরি/স্থাপনা ইত্যাদি পরিদর্শন করার নির্দেশ দিতে পারে। টিভিএএসপি/ সিএমপিও-টিভিএএস-কে পরিদর্শকের চাহিদা অনুযায়ী পরিদর্শনের জন্য সংরক্ষিত রেজিষ্টার ও সংশ্লিষ্ট দলিলাদি প্রদর্শন করতে হবে এবং উক্ত তথ্যের অনুলিপি (হার্ড/সফট উভয় ভার্সন) অথবা সার-সংক্ষেপ সংগ্রহে পরিদর্শককে সম্মতি প্রদান করবে।

১৮.০৫ টিভিএএসপি/সিএমপিও-টিভিএএসপি যে সকল যন্ত্রপাতি স্থাপন করতে ইচ্ছুক (আমদানি/ক্রয় করতে চান) তার পূর্ণাঙ্গ তালিকা, প্রস্তুতকারকের হ্যান্ডবুক/স্পেসিফিকেশন শীট সহ প্রয়োজনীয় প্রযুক্তিগত তথ্য/দলিলাদি এবং যেভাবে উক্ত যন্ত্রপাতি স্থাপন করা হবে তার ফাংশনাল ব্লক ডায়াগ্রাম জমা দিতে হবে।

১৮.০৬ টিভিএএসপি/সিএমপিও-টিভিএএসপি কর্তৃক সংশ্লিষ্ট আইন ও তৎপরবর্তী বিধান এবং প্রচলিত অন্যান্য আইন বা সরকার কর্তৃক প্রণীত সেক্টর নীতিসমূহ এবং অন্যান্য বিধি, প্রবিধান, ডিক্রি, আদেশ, সিদ্ধান্ত, গাইডলাইন, নির্দেশাবলী, নির্দেশনা এবং সময়ে সময়ে সরকার এবং/অথবা কমিশন কর্তৃক জারিকৃত সাধারণভাবে প্রযোজ্য দলিলসমূহ মেনে চলতে হবে।

১৮.০৭ টিভিএএসপি/সিএমপিও-টিভিএএসপি কোন অপ্রতিযোগিতামূলক কর্মকান্ডে জড়িত হবে না বা আইনের অধীনে লাইসেন্স/রেজিস্ট্রেশনপ্রাপ্ত অন্য কোন অপারেটর বা টিভিএএসপি এর কোন গ্রাহকের সাথে বৈষম্য করবে না বা কোন অসুবিধার সৃষ্টি করবে না।

১৮.০৮ টিভিএএসপি/সিএমপিও-টিভিএএসপি নিবন্ধনের অধীন যথাযথ পদ্ধতিতে, স্বেচ্ছায়, সু বিবেচনা, বিশ্বস্ততা, পেশাগত দক্ষতা এবং সক্ষমতার সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে কার্যক্রম পরিচালনা করবে যেন সরকার বা কমিশনের নিকট অবশ্যই সন্তোষজনক হয়।

১৮.০৯ টিভিএএসপি/সিএমপিও-টিভিএএসপিকে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ (সংশোধিত) এর বিধান অনুযায়ী রেভিনিউ শেয়ারিং এর মডেল সহ সেবা এবং ট্যারিফের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে। কমিশন টিভিএএস প্রদান সংক্রান্ত ট্যারিফ এবং সার্ভিস ডিরেক্টিভ প্রকাশ করবে। টিভিএএসপি এবং সিএমপিও-টিভিএএসপি-এর ওয়েবসাইটে সকল অনুমোদিত ট্যারিফ প্রকাশিত থাকতে হবে।

১৮.১০ যদি কোন টিভিএএসপি/সিএমপিও-টিভিএএসপি/এএনএস এর কোন পক্ষ বাণিজ্যিক বা অন্য কোনো কারণে তাদের মধ্যে পারস্পরিক চুক্তিতে উল্লিখিত সেবাগুলো বন্ধ করতে চায়, সে ক্ষেত্রে কমিশনকে অবহিত করতে হবে।

১৮.১১ সেবা নবায়ন/হালনাগাদ যা বিদ্যমান অনুমোদনে পরিবর্তন পরিলক্ষিত হয়, সে ক্ষেত্রে টিভিএএসপি/সিএমপিও-টিভিএএসপিকে কমিশনের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে।

১৮.১২ টিভিএএসপি/সিএমপিও-টিভিএএসপিকে প্রয়োজনীয় কাস্টমার কেয়ার সার্ভিস যেমন: টিকিটিং সিস্টেমসহ অভিযোগ এবং জিজ্ঞাসা গ্রহণ সুবিধা সম্বলিত একটি ডাইনামিক ওয়েবসাইট তৈরি, চালু ও পরিচালনা করতে হবে এবং গ্রাহক সেবা সম্পর্কিত কার্যক্রমের একটি প্রতিবেদন কমিশনের নিকট প্রদান করতে হবে।

১৮.১৩ রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রাপ্তির ০৬ (ছয়) মাসের মধ্যে টিভিএএসপিকে সেবা চালু করতে হবে।

১৮.১৪ এই গাইডলাইনের অধীনে টিভিএএসপি/সিএমপিও-টিভিএএসপি কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থার মেধা-সত্ত্ব অধিকার লঙ্ঘন করবে না এবং এ ধরনের কোন লঙ্ঘন দেশের সংশ্লিষ্ট আইনের আওতায় পড়বে।

১৮.১৫ টিভিএএসপি/সিএমপিও-টিভিএএসপি যেকোনো অননুমোদিত চার্জ আরোপ, প্রতারণামূলক কার্যকলাপ ইত্যাদির জন্য দায়ী থাকবে।

১৮.১৬ টিভিএএসপি/সিএমপিও-টিভিএএসপি/এএনএস এর গ্রাহক সক্রিয়করণ, নিষ্ক্রিয়করণ, চার্জ সম্পর্কিত লগ এবং/অথবা রেকর্ডের এর প্রতিবেদন প্রস্তুত করার কারিগরি সক্ষমতা থাকতে হবে।

১৮.১৭ এএনএস অপারেটরগণ গ্রাহকদের নিরাপত্তা এবং গোপনীয়তা বিঘ্নিত না করে এন্ড-টু-এন্ড সেবার সুবিধার্থে টিভিএএসপি/ সিএমপিও-টিভিএএসপিকে প্রয়োজন অনুযায়ী গ্রাহকদের ব্যবসায়িক বুদ্ধিভিত্তিক ডাটা প্রদান করতে পারে।

১৮.১৮ এএনএস অপারেটর এবং টিভিএএস/সিএমপিও-টিভিএএসপি এর মধ্যে স্বাক্ষরিত এসএলএ অনুযায়ী যোগাযোগ, গ্রাহক সেবা ইত্যাদি সহ টিভিএএস/সিএমপিও-টিভিএএসপি এর সকল দায়-দায়িত্ব নির্ধারিত হবে।

১৮.১৯ টিভিএএসপি/সিএমপিও-টিভিএএসপি কর্তৃক আউটবাউন্ড ডায়ালিং (ওবিডি), ইন্টারেক্টিভ ভয়েস রেসপন্স সিস্টেম (আইভিআর), ওয়্যারলেস অ্যাপ্লিকেশন প্রোটোকল (ডব্লিউএপি), মোবাইল ইন্টারনেট, আনস্ট্রাকচার্ড সাপ্লিমেন্টারি সার্ভিস ডেটা (ইউএসএসডি), এসএমএস, টেলি-কলিং এর মতো সেবা সক্রিয়করণের ফরম ও প্রক্রিয়া নিশ্চিত করতে হবে।

১৮.২০ টিভিএসপি/সিএমপিও-টিভিএএসপি-কে এমন একটি সিস্টেম স্থাপন করতে হবে যা ওবিডি, আইভিআর, ডব্লিউএপি, মোবাইল ইন্টারনেট, ইউএসএসডি, এসএমএস, টেলি-কলিং এর মতো যে কোন ভ্যালু অ্যাডেড সার্ভিসেস প্রদান করার আগে গ্রাহকের নিকট হতে কমিশন দ্বারা অনুমোদিত ডাবল কনসেন্ট গ্রহণ করতে হবে। গ্রাহকের নিকট হতে দ্বিতীয়বার সম্মতি গ্রহণ ব্যতিরেকে অনুরোধ করা সেবা কোন অবস্থাতেই সক্রিয় করা যাবে না।

১৮.২১ টিভিএএসপি/সিএমপিও-টিভিএএসপি কর্তৃক ভুলবশত টিভিএএস সক্রিয়করণে ক্ষেত্রে গ্রাহক হতে অনুরোধ প্রাপ্তির ২৪ ঘন্টার মধ্যে গৃহীত অর্থ ফেরত প্রদান করতে হবে।

১৮.২২ টিভিএএসপি/সিএমপিও-টিভিএএসপি, কমিশনের চাহিদা অনুযায়ী সময়ে সময়ে সক্রিয়করণ, নিষ্ক্রিয়করণ এবং প্রাপ্ত অভিযোগের প্রতিকারের বিষয়ে প্রতিবেদন জমা প্রদান করবে। টিভিএএসপি/সিএমপিও-টিভিএএসপি কর্তৃক প্রয়োজনীয় তথ্য ও ডেটা লগ সংরক্ষণ করতে হবে।

১৮.২৩ টিভিএএসপি/সিএমপিও-টিভিএএসপি স্বাক্ষরিত এসএলএ অনুযায়ী নিজ নিজ কোয়ালিটি অব সার্ভিস (কিউওএস) এবং গ্রেড অব সার্ভিস (জিওএস) যথাযথভাবে বজায় রাখবে। কমিশন কিউওএস এবং জিওএস পরিবীক্ষণ ও নিয়ন্ত্রণ করবে এবং সময়ে সময়ে তা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

১৮.২৪ বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ (সংশোধিত) এর অধীনে টিভিএএসপি/সিএমপিও-টিভিএএসপি সরকার কর্তৃক অনুমোদিত নিরাপত্তা অথবা গোয়েন্দা সংস্থা, তদন্তকারী সংস্থা বা আইন প্রয়োগকারী সংস্থা (এলইএ) এর কর্মকর্তাগণকে ল'ফুল ইন্টারসেপশন (এলআই) এর জন্য প্রয়োজনীয় প্রবেশাধিকার ও সর্বাত্বক সহায়তা প্রদান করবে।

১৮.২৫ অন্যান্য টেলিযোগাযোগ সেবা প্রদানকারীদের সাথে মতপার্থক্য বা বিরোধের ক্ষেত্রে এবং নিজেদের মধ্যে মতপার্থক্য বা বিরোধের সমাধান করতে ব্যর্থ হলে, টিভিএএসপি/সিএমপিও-টিভিএএসপি বিষয়টি সমাধানের জন্য কমিশনের নিকট প্রেরণ করতে পারে। বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ (সংশোধিত) এর বিধান অনুযায়ী কমিশন স্বীয় বিবেচনায় বিরোধটি নিষ্পত্তির জন্য সিদ্ধান্ত নিতে পারে।

১৮.২৬ রেজিস্ট্রেশনধারী আন্তঃসংযোগ সম্পর্কিত বিষয়সমূহের ক্ষেত্রে আইন এবং বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (আন্তঃসংযোগ) রেগুলেশন, ২০০৪ (বিটিআরসি রেগুলেশন নং- ২/২০০৪) এর বিধিবিধান অনুসরণ করবে।

১৮.২৭ রেজিস্ট্রেশনধারী, সকল সক্রিয় সেবার ধরণ, সক্রিয় গ্রাহকের সংখ্যা, নিষ্ক্রিয়করণের সংখ্যা, কোয়ালিটি অব সার্ভিস (কিউওএস) ইত্যাদি সংক্রান্ত প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে কমিশনে জমা প্রদান করবে। রেজিস্ট্রেশনধারী, কমিশন কর্তৃক যাচিত সিস্টেম ও সেবা সংক্রান্ত যে কোন তথ্য প্রদান করতে বাধ্য থাকবে।

**১৯। ফি ও চার্জ**

১৯.০১ টিভিএএসপি/সিএমপিও-টিভিএএসপি প্রয়োজনীয় ফিস এবং চার্জ কমিশন বরাবর প্রদান করবে। নিম্নলিখিত সারণীতে ফি কাঠামো সংক্ষিপ্ত আকারে দেখানো হলো। সরকারের অন্যান্য যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত ফিস, চার্জ, মূসক এবং কর অন্তর্ভূক্ত।

| | |
|---|---|
| আবেদন ফি/প্রক্রিয়াকরণ ফি | টাঃ ৫,০০০.০০ (পাঁচ হাজার) |
| ৫ বছরের জন্য রেজিস্ট্রেশন ফি | টাঃ ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) |
| গ্রস রেভিনিউ শেয়ারিং | ১ম ও ২য় বছরের জন্য ০%, ৩য় বছর হতে বার্ষিক নিরীক্ষিত গ্রস রেভিনিউ এর ৫.৫% (শতকরা পাঁচ দশমিক পাঁচ) |
| সামাজিক দায়বদ্ধতা তহবিল | ১ম ও ২য় বছরের জন্য ০%, ৩য় বছর হতে বার্ষিক নিরীক্ষিত গ্রস রেভিনিউ এর ০১% (এক শতাংশ) |

১৯.০২ রেজিস্ট্রেশনকারীকে বর্ণিত নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় সকল ফিস পরিশোধ করতে হবে। রেজিস্ট্রেশনকারী কর্তৃক পরিশোধিত যাবতীয় ফি, চার্জ ইত্যাদি অফেরতযোগ্য এবং বাংলাদেশের যেকোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার আকারে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন এর অনুকূলে পরিশোধযোগ্য।

১৯.০৩ **আবেদন/প্রক্রিয়াকরণ ফি:** আবেদন ফি/প্রক্রিয়াকরণ ফি ৫,০০০ (পাঁচ হাজার) টাকা। আবেদন ফি বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন এর অনুকূলে বাংলাদেশের যেকোন তফসিলী ব্যাংক হতে প্রদত্ত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে পরিশোধযোগ্য এবং প্রতিটি আবেদনের সাথে তা পরিশোধ করতে হবে।

১৯.০৪ **রেজিস্ট্রেশন ফি:** টেলিকমিউনিকেশন ভ্যালু এ্যাডেড সার্ভিস (টিভিএএসপি) প্রদানকারী এর ক্ষেত্রে রেজিস্ট্রেশন ফি ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা। রেজিস্ট্রেশনকারীকে রেজিস্ট্রেশন ফি এবং উহার উপর মূসক ১৫% (শতকরা পনের) হারে নোটিফিকেশনের তারিখ হতে গ্রেগরিয়ান পঞ্জিকা অনুসারে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে কমিশন বরাবর প্রদান করতে হবে।

১৯.০৫ **এএনএস ও টিভিএএসপি/সিএমপিও-টিভিএএসপি এর মধ্যে রেভিনিউ শেয়ারিং:** রেভিনিউ শেয়ারিং এর অনুপাত সেবার ধরণ, টিভিএএস ভ্যালু চেইনে স্টেকহোল্ডার কর্তৃক অর্থ প্রদান, কর্ম পরিচালনা পরিধি, টার্গেট মার্কেটের ভৌগোলিক এবং জনতাত্ত্বিক বৈশিষ্ট্য ইত্যাদির উপর নির্ভর করবে। অতএব, রেভিনিউ শেয়ারিং মডেল বিভিন্ন সেবার ক্ষেত্রে ভিন্ন হতে পারে এবং এএনএসসমূহের মধ্যেও ভিন্নতা থাকতে পারে। বাণিজ্যিক স্বাধীনতা বিবেচনায় নিয়ে, টিভিএএসপি/সিএমপিও-টিভিএএসপি এবং এএনএস অপারেটর এর মধ্যে রেভিনিউ শেয়ারিং এর সীমা ৪০% থেকে ৬০% হবে।

১৯.০৬ টিভিএএসপি, রেজিস্ট্রেশন ফি পরিশোধের পর সার্টিফিকেট প্রদানের সময়, দ্বিতীয় ও পরবর্তী বছরগুলোর বার্ষিক ফি নিম্নবর্ণিত পদ্ধতিতে পরিশোধ করবে।

১৯.০৬.০১ **কমিশনের সাথে গ্রস রেভিনিউ শেয়ারিং:** ৩য় বছর হতে বার্ষিক নিরীক্ষিত গ্রস রেভিনিউ এর ৫.৫% (শতকরা পাঁচ দশমিক পাঁচ) ত্রৈমাসিক ভিত্তিতে কমিশনের নিকট রেভিনিউ শেয়ারিং হিসেবে প্রতি তিনমাস শেষ হবার পর প্রথম ১০ গ্রেগরিয়ান পঞ্জিকা দিনের মধ্যে পরিশোধ করতে হবে। মোট পরিবর্তনযোগ্য অংশ টিভিএএসপি'র উক্ত বছরের নিরীক্ষিত হিসাব অনুযায়ী বার্ষিক ভিত্তিতে সমন্বয় করতে হবে। এক্ষেত্রে যদি আন্ডার পেমেন্ট হয়ে থাকে তবে আর্থিক বছর সমাপনের ৯০ গ্রেগরিয়ান পঞ্জিকা দিনের মধ্যে রেজিস্ট্রেশনধারীকে অবশিষ্ট টাকা পরিশোধ করতে হবে। রেজিস্ট্রেশনধারী কর্তৃক অতিরিক্ত অর্থ পরিশোধ করা হয়ে থাকলে, রেজিস্ট্রেশনধারী কমিশনের পূর্বানুমতি গ্রহণ পূর্বক পরবর্তী বছরে ত্রৈমাসিক পেমেন্টের বিপরীতে অতিরিক্ত অর্থ সমন্বয় করতে পারবে। সরকার কর্তৃক সময়ে সময়ে রেভেনিউ শেয়ারিং এর শতকরা হার পরিবর্তিত হতে পারে।

১৯.০৬.০২ **সামাজিক দায়বদ্ধতা তহবিল:** ৩য় বছর হতে বার্ষিক নিরীক্ষিত মোট রাজস্বের ১% (এক শতাংশ) ত্রৈমাসিক ভিত্তিতে সামাজিক দায় হিসেবে প্রত্যেক তিনমাস শেষ হবার প্রথম ১০ গ্রেগরিয়ান পঞ্জিকা দিনের মধ্যে পরিশোধ করতে হবে। উক্ত বছরের ক্ষেত্রে মোট পরিবর্তনযোগ্য অংশ টিভিএএসপি'র নিরীক্ষিত হিসাবের উপর ভিত্তি করে বার্ষিক ভিত্তিতে সমন্বয় করতে হবে এবং এক্ষেত্রে যদি আন্ডার পেমেন্ট হয়ে থাকে তবে আর্থিক বছর সমাপনের ৯০ গ্রেগরিয়ান পঞ্জিকা দিনের মধ্যে রেজিস্ট্রেশনধারীকে অবশিষ্ট টাকা পরিশোধ করতে হবে। রেজিস্ট্রেশনধারী কর্তৃক অতিরিক্ত অর্থ পরিশোধ করা হয়ে থাকলে, রেজিস্ট্রেশনধারী কমিশনের পূর্বানুমতি গ্রহণ পূর্বক পরবর্তী বছরে ত্রৈমাসিক পেমেন্টের বিপরীতে অতিরিক্ত অর্থ সমন্বয় করতে পারবে। সামাজিক দায়বদ্ধতা তহবিলে চাঁদা প্রদানের শতকরা হার সরকার কর্তৃক সময়ে সময়ে পরিবর্তিত হতে পারে।

১৯.০৭ **ফি পরিশোধে বিলম্ব:** ১৯ নং অনুচ্ছেদে বর্ণিত ফিস ও চার্জ নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখের পর ৬০ (ষাট) দিনের মধ্যে বকেয়া অর্থ পরিশোধের ক্ষেত্রে ক্ষতিপূরণ হিসেবে প্রত্যেক বছর ১৫% (পনের শতাংশ) হারে

বিলম্ব ফি-সহ কমিশন বরাবর পরিশোধ করতে পারবে। নির্ধারিত ৬০ (ষাট) দিনের মধ্যে উক্ত অর্থ পরিশোধ করা না হলে রেজিস্ট্রেশন সার্টিফিকেট এবং আইন এর বিধান অনুযায়ী কমিশন কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

**২০। রেজিস্ট্রেশন সার্টিফিকেট বাতিল ও স্থগিতকরণঃ**

২০.০১ কমিশন রেজিস্ট্রেশন বাতিল, স্থগিত এবং জরিমানা আরোপ করতে পারে। বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ (সংশোধিত) অনুযায়ী টিভিএএসপি/সিএমপিও-টিভিএএসপি নিম্নলিখিত কার্যাবলীর জন্য শাস্তিযোগ্য হবে: যদি-

২০.০১.০১ রেজিস্ট্রেশন সার্টিফিকেট পাওয়ার জন্য দেওয়া কোনো তথ্য ভুল/মিথ্যা পাওয়া যায়;

২০.০১.০২ প্রমাণিত হয় যে আবেদনকারী উপরোক্ত অনুচ্ছেদ ১০-এ উল্লিখিত যেকোন অযোগ্যতা গোপন করে রেজিস্ট্রেশন সার্টিফিকেট গ্রহণ করে;

২০.০১.০৩ কমিশনের লিখিত পূর্বানুমতি ব্যতীত কোন শেয়ার হস্তান্তর অথবা ইস্যু করে;

২০.০১.০৪ গাইডলাইন এবং/অথবা রেজিস্ট্রেশন সার্টিফিকেটের কোন শর্ত লঙ্ঘন করে;

২০.০১.০৫ টিভিএএসপি/সিএমপিও-টিভিএএসপি কোনো বেআইনি কর্মকাণ্ডের সঙ্গে জড়িত কারো কাছে এমন কোনো তথ্য প্রকাশ বা ফাঁস করে যা বাংলাদেশের নিরাপত্তা, অখণ্ডতা, সার্বভৌমত্ব বা স্থিতিশীলতার জন্য ক্ষতিকর অথবা অন্য রাষ্ট্রের সাথে এর সম্পর্ক বা জনশান্তি বা আইন শৃঙ্খলা বজায় রাখার জন্য ক্ষতিকর;

২০.০১.০৬ টিভিএএসপি/সিএমপিও-টিভিএএসপি দেনাদার, দেউলিয়া বা অসচ্ছল হয় অথবা টিভিএএসপি/সিএমপিও-টিভিএএসপি নিজে বা তৃতীয় পক্ষের দ্বারা দেউলিয়া ঘোষণা অথবা অনুরূপ ঘোষণা বা আদেশের জন্য আবেদন করে;

২০.০১.০৭ টিভিএএসপি/সিএমপিও-টিভিএএসপি এই রেজিস্ট্রেশনের অধীনে ব্যবসা চালিয়ে যাওয়া বন্ধ করে দেয়;

২০.০১.০৮ টিভিএএসপি/সিএমপিও-টিভিএএসপি যেকোন শুল্ক প্যাকেজ বা কমিশনে রেভিনিউ শেয়ারিং এর জন্য কোনো আর্থিক উপার্জন সংক্রান্ত কোন তথ্য, বা এর গ্রাহকদের এবং/অথবা কমিশনের নিকট কোনো প্রাসঙ্গিক তথ্য গোপন করলে; অথবা কমিশনের নিকট কোন মিথ্যা বা ভুল তথ্য প্রদান করলে; অথবা কোনো প্রতারণামূলক কার্যক্রম পরিচালনা করলে;

২০.০১.০৯ টিভিএএসপি/সিএমপিও-টিভিএএসপি সরকার বা কমিশন কর্তৃক জারিকৃত আইন/যেকোন বিধিমালা/বিধি/ দিক-নির্দেশনা/উপ-বিধি/ গাইডলাইন/নির্দেশনা/ আদেশ/পরিপত্র এর কোন ধারা/শর্ত লঙ্ঘন করলে;

২০.০২ যেকোন কারণে রেজিস্ট্রেশন সার্টিফিকেট বাতিল অথবা স্থগিতকরণ, যাহাই হোক না কেন বিদ্যমান আইন অথবা অন্য কোন আইন বা রেজিস্ট্রেশন সার্টিফিকেট দ্বারা প্রদত্ত কমিশনের অন্য কোন আইনগত অধিকার বা প্রতিকারকে ক্ষুন্ন করবে না। উক্ত বাতিলকরণ টিভিএএসপি/সিএমপিও-টিভিএএসপিকে কোনো আইন বা রেজিস্ট্রেশন সার্টিফিকেটের অধীনে প্রযোজ্য কোনো বাধ্যবাধকতা হতে মুক্তি দেবে না।

**২১। হিসাব সংরক্ষণ পদ্ধতি**

২১.০১ কমিশন নিম্নলিখিত বিষয়সমূহের উপর টিভিএএসপি/সিএমপিও-টিভিএএসপি এর প্রতি নির্দেশনা জারি করতে পারে:

২১.০১.০১ বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ (সংশোধিত) এর বিধান প্রতিপালনের উদ্দেশ্যে, রেজিস্ট্রেশনের অধীন সেবা প্রদানের খরচ সনাক্ত করার যেকোন পদ্ধতি এবং কোম্পানী আইন, ১৯৯৪-এ নির্ধারিত পদ্ধতির সাথে সঙ্গতিপূর্ণ আন্তর্জাতিকভাবে স্বীকৃত হিসাব রক্ষণ পদ্ধতি অবলম্বন;

২১.০১.০২ বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ (সংশোধিত) এর বিধানসমূহ বাস্তবায়নের উদ্দেশ্যে, কমিশনের নিকট এতদসংক্রান্ত বিষয়ে তথ্য এবং কমিশন কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত পদ্ধতি বা পর্যায়ক্রমিক প্রতিবেদন বা অন্যান্য ফরম সরবরাহকরণ।

২১.০২ প্রয়োজনবোধে কমিশন, যেকোন তথ্য হস্তান্তর করতে টিভিএএসপি/সিএমপিও-টিভিএএসপিকে নির্দেশনা প্রদান করতে পারে এবং বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ (সংশোধনী) এর ধারা ৮৪ মোতাবেক টিভিএএসপি/সিএমপিও-টিভিএএসপি কমিশনের উক্ত নির্দেশনায় বর্ণিত ফরম বা পদ্ধতি ও নির্ধারিত সময় অনুযায়ী প্রতিপালন করতে বাধ্য।

২১.০৩ বাংলাদেশ ব্যাংক অর্ডার, ১৯৭২-এ বর্ণিত তফসিলী ব্যাংকের মাধ্যমে রেজিস্ট্রেশনধারীর সংশ্লিষ্ট সকল আর্থিক লেনদেন সংরক্ষণ করতে হবে।

**২২। মনিটরিং সিস্টেম**

রেজিস্ট্রেশনকারী কমিশনে অনলাইন মনিটরিং টার্মিনাল স্থাপন করবে যার মাধ্যমে কমিশন পরিবীক্ষণের জন্য এক্সেস করতে পারবে। কমিশন কোন নোটিশ প্রদান ব্যতিরেকে যে কোন সময়ে এই সিস্টেমগুলি পরিদর্শন করতে পারবে। কমিশন টিভিএএসপি/সিএমপিও-টিভিএএসপিকে সময়ে সময়ে কমিশনের নিকট প্রাসঙ্গিক তথ্য জমা দেওয়ার জন্য নির্দেশ দিতে পারে। এ সকল ক্ষেত্রে কমিশনের সিদ্ধান্ত রেজিস্ট্রেশনকারী মেনে চলতে বাধ্য থাকবে।

## ২৩। কারিগরি এবং আর্থিক নিরীক্ষা

কমিশন যেকোন সময় রেজিস্ট্রেশনকারীর বার্ষিক কারিগরি ও আর্থিক নিরীক্ষার পদক্ষেপ গ্রহণ করতে পারে। কমিশন কর্তৃক অনুমোদিত ও ক্ষমতাপ্রাপ্ত নিরীক্ষা দল রেজিস্ট্রেশনকারীর যেকোন বছরের কারিগরি ও আর্থিক অবস্থা নিরীক্ষা করার অধিকার সংরক্ষণ করবে। রেজিস্ট্রেশনকারী, নিরীক্ষা দলের চাহিদা মোতাবেক যাবতীয় প্রাসঙ্গিক তথ্য ও কাগজপত্রাদি সরবরাহ করতে বাধ্য থাকবে। রেজিস্ট্রেশনকারী, কারিগরি ও আর্থিক নিরীক্ষার জন্য যাবতীয় প্রাসঙ্গিক ডাটা/তথ্য সংরক্ষণ করবে। কমিশন এ ব্যাপারে রেজিস্ট্রেশনকারীর অনুকূলে নির্দেশনা জারি করবে।

## ২৪। বিবিধ

২৪.০১ রেজিস্ট্রেশনকারীকে কমিশন কর্তৃক সময়ে সময়ে জারিকৃত ইন্টারনেট অব থিংস (আইওটি) এবং ওভার দি টপ (ওটিটি) সম্পর্কিত নিয়ম/বিধিমালা/নীতিমালা/নির্দেশাবলী/গাইডলাইন/নির্দেশনা/পরিপত্র/সার্কুলার/সিদ্ধান্ত ইত্যাদি প্রতিপালন করতে হবে। এক্ষেত্রে রেজিস্ট্রেশনকারীর উপর কমিশনের সিদ্ধান্ত বাধ্যতামূলক হবে।

২৪.০২ বাংলাদেশে টেলিকম সংক্রান্ত যেকোন সেবা প্রদানের নিমিত্ত রেজিস্ট্রেশনকারীকে যেকোন কোম্পানী/যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠান/অংশীদারী প্রতিষ্ঠান গঠনের জন্য কমিশন হতে লিখিত পূর্বানুমতি গ্রহণ করতে হবে। বাংলাদেশে যেকোন টেলিকম সেবা প্রদানকারী বিদ্যমান সত্তার শেয়ার গ্রহণ বা অংশীদার হওয়ার জন্য রেজিস্ট্রেশনকারীকে লিখিত পূর্বানুমতি গ্রহণ করতে হবে।

২৪.০৩ রেজিস্ট্রেশনধারীর কর্মচারী, এজেন্ট বা অনুমোদিত প্রতিনিধিদের কার্যকলাপের ফলে বা তার সাথে সম্পর্কিত যে কোন ক্ষতি, তছরূপ, দাবি, চার্জ, ব্যয়ের জন্য কমিশন এবং/অথবা অন্য কোন সরকারি বিভাগ দায়ী থাকবে না।

২৪.০৪ কমিশন কর্তৃক জারিকৃত সকল নির্দেশাবলী গোপনীয় থাকবে এবং কমিশনের পূর্বানুমতি ব্যতীত রেজিস্ট্রেশনকারী তা প্রকাশ করবেন না।

২৪.০৫ অন্য কোথাও বা এই রেজিস্ট্রেশন সার্টিফিকেটে যা কিছু থাকুক না কেন কমিশন তার বিবেচনার ভিত্তিতে এই রেজিস্ট্রেশনের নিয়ম ও শর্তাবলী যে কোনো মাধ্যমে এবং ফর্ম্যাটে কমিশনের বা অন্য কোনো সরকারি ওয়েবসাইটে, যেভাবে একে উপযুক্ত মনে করে, জনসাধারণের জন্য সহজলভ্য করার অধিকার সংরক্ষণ করে।

২৪.০৬ রেজিস্ট্রেশনকারীকে সময়মত প্রয়োজনীয় ফিস ও চার্জসমূহ পরিশোধ করতে হবে এবং প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে হবে।

২৪.০৭ রেজিস্ট্রেশনকারীকে তার যে কোন সেবা আউটসোর্সিং করার পূর্বে কমিশনের নিকট হতে লিখিত পূর্বানুমতি গ্রহণ করতে হবে।

২৪.০৮ কমিশন হতে প্রেরিত যাবতীয় চিঠিপত্র লিখিত হবে এবং রেজিস্ট্রেশনকারীর ব্যবসায়িক অফিসিয়াল ঠিকানায় পাঠানো হবে।

২৪.০৯ শুধুমাত্র কমিশন কর্তৃক স্বাক্ষরিত/জারিকৃত লিখিত আদেশ ব্যতীত এই রেজিস্ট্রেশন সার্টিফিকেটের কোনো বিধান কমিশনের পক্ষ হতে কোনো কাজ বা সম্মতি দ্বারা পরিত্যাগ করা হয়েছে বলে গণ্য করা হবে না। সেই সাথে এই রেজিস্ট্রেশনকারীর জন্য প্রযোজ্য কোনো বিধানের কোনো মওকুফকে অন্য কোনো বিধান বা অন্য কোনো ক্ষেত্রে একই বিধানের মওকুফ হিসেবে ধর্তব্য হবে না।

২৪.১০ এই প্রস্তাব/অফার বা এর লঙ্ঘন, সমাপ্তি বা অবৈধতা হতে উদ্ভূত যে কোনও বিরোধ, বিতর্ক বা দাবি কমিশন দ্বারা নিষ্পত্তি করা হবে এবং উক্ত সিদ্ধান্ত চূড়ান্ত ও বাধ্যতামূলক হবে।

২৪.১১ টিভিএএসপি/সিএমপিও-টিভিএএসপি এর রিপোর্টিং কমিশনের মধ্যে সীমাবদ্ধ থাকবে না। তবে যদি এটি বাংলাদেশের অন্য কোনো নিয়ন্ত্রক কর্তৃপক্ষের অধিক্ষেত্রে পড়ে; সেক্ষেত্রে এটি সংশ্লিষ্ট নিয়ম ও প্রবিধান অনুসরণ করার জন্য দায়বদ্ধ থাকবে।

২৪.১২ এর সাথে সংযুক্ত তফসিল/পরিশিষ্টসমূহ গাইডলাইনের অবিচ্ছেদ্য অংশ হবে।

২৪.১৩ এই গাইডলাইনের সাথে সম্পর্কযুক্ত কোন বিষয়ে সরল বিশ্বাসে কমিশনের দ্বারা কৃত বা করার ইচ্ছাকৃত এরূপ কর্মের বিষয়ে কমিশন বা কোন সদস্য বা কর্মচারীর বিরুদ্ধে কোন মামলা, প্রসিকিউশন বা অন্য কোন আইনি কার্যক্রম গ্রহণ করা যাবে না।

২৪.১৪ অন্যত্র ভিন্ন কিছু না থাকলে-

i) সকল শিরোনাম শুধুমাত্র সুবিধার জন্য দেওয়া হয়েছে এবং এই শিরোনামগুলো অত্র গাইডলাইনের কোন বিধানের ব্যাখ্যাকে প্রভাবিত করবে না;

ii) ব্যবহৃত একবচন বা বহুবচন শব্দ দ্বারা যথাক্রমে একবচন বা বহুবচনকেই বুঝাবে;

iii) পুরুষবাচক কোন শব্দ দ্বারা উভয় লিঙ্গাকেই নির্দেশ করবে;

iv) এই গাইডলাইনে ‘ব্যক্তি’ বলতে কোন স্বাভাবিক এবং আইনী ব্যক্তিকেও বুঝাবে;

v) আইন, গাইডলাইন বা নির্দেশিকা বলতে সময়ে সময়ে কমিশন কর্তৃক জারিকৃত/আনীত সংশোধনীকেও অন্তর্ভুক্ত করবে;

vi) ‘অথবা’ শব্দটি ‘এবং’ অন্তর্ভুক্ত করবে কিন্তু এর বিপরীতে নয়;

vii) এই গাইডলাইনে "লেখা" বা "লিখিত"-এর যেকোন রেফারেন্সের মধ্যে অফিসিয়াল ফ্যাক্সামাইল/ফ্যাক্স ট্রান্সমিশন, অফিসিয়াল ই-মেইল, বা যোগাযোগের তুলনামূলক মাধ্যমগুলিকে বুঝাবে;

viii) গাইডলাইনে বর্ণিত ‘অনুচ্ছেদ’, ‘উপ-অনুচ্ছেদ’, ‘সংযুক্তি’, ‘পরিশিষ্ট’ এবং ‘তফসিল’ এই রেজিস্ট্রেশন সার্টিফিকেটের যথাক্রমে ‘অনুচ্ছেদ’, ‘উপ-অনুচ্ছেদ’, ‘সংযুক্তি’, ‘পরিশিষ্ট’ এবং ‘তফসিল’ কে বুঝাবে।

২৪.১৫ এই গাইডলাইন বাংলাদেশের আইন অনুসারে পরিচালিত এবং ব্যাখ্যায়ীত হবে।

২৪.১৬ এই গাইডলাইন শুধুমাত্র ইংরেজি ভাষায় হবে; পরবর্তীতে এটি অন্য ভাষায় অনূদিত বা অন্য সংস্করণকে নিয়ন্ত্রণ করবে এবং এদের উপর প্রাধান্য পাবে।

২৪.১৭ সরকারের অনুমোদনক্রমে এই গাইডলাইন জারি করা হলো।

**২৫। দাবীত্যাগ**

এই গাইডলাইনের বিষয়বস্তু সম্পর্কে স্পষ্টীকরণের জন্য প্রশ্ন বা অনুরোধ উত্থাপিত হতে পারে। কমিশন এসব প্রশ্নের জবাব প্রদান না করার অধিকার সংরক্ষণ করে। তথাপি, এ বিষয়ে গোপনীয়তার অনুরোধ না করা পর্যন্ত প্রশ্নোত্তর লিখিতভাবে বা বিটিআরসি'র ওয়েবসাইট (www.btrc.gov.bd)-এ প্রকাশ/প্রদান করা হবে। প্রশ্নকারীগণের অনুমতি ছাড়া তাদের পরিচয় প্রকাশ করা হবে না।

**২৬। যোগাযোগের ঠিকানা**

এই গাইডলাইন সংশ্লিষ্ট সবধরনের যোগাযোগ, আবেদনপত্র জমা প্রদান, রেজিস্ট্রেশন সার্টিফিকেট জারির জন্য **''টেলিকমিউনিকেশন ভ্যালু অ্যাডেড সার্ভিসেস (টিভিএএস) প্রদানের জন্য রেজিস্ট্রেশন সার্টিফিকেট''** উল্লেখপূর্বক নিম্নে প্রদত্ত ঠিকানা বরাবরে প্রেরণ করতে হবে:

পরিচালক (লাইসেন্সিং)
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

# পরিশিষ্ট-১

## বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

### আবেদন ফরম

বাংলাদেশে টেলিকমিউনিকেশন ভ্যালু অ্যাডেড সার্ভিসেস (টিভিএএস) প্রদানের লক্ষ্যে রেজিস্ট্রেশন সার্টিফিকেট জারি করার জন্য-

### যাচিত তথ্যসমূহ

| ক্রমিক নং | | কাগজপত্র | সংযুক্ত (কাগজপত্র সংযুক্ত করলে টিক চিহ্ন দিন) | পৃষ্ঠা নং | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | আবেদন (লেটার হেড প্যাডে)। | | | | |
| | যৌথমূলধন কোম্পানিসমূহ ও ফার্ম এর নিবন্ধক (আরজেএসসি) হতে নাম, তারিখ এবং প্রতিষ্ঠার স্থান। | | | | |
| | ব্যবসার ঠিকানা, নিবন্ধিত অফিসের ঠিকানা, টেলিফোন নম্বর, ফ্যাক্স নম্বর, ই-মেইল এবং ওয়েবসাইটের বিবরণ। | | | | |
| ২. | আবেদন ফি/প্রসেসিং ফি: বাংলাদেশের যেকোনো তফসিলি ব্যাংক হতে কমিশনের অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে ৫ (পাঁচ) হাজার টাকা প্রদেয়। | | | | |
| ৩. | কোম্পানির তথ্য (শুধুমাত্র নতুন আবেদনকারী সত্যায়িত কপি প্রদান করবে) | | | | |
| | ক) | সার্টিফিকেট অব ইনকর্পোরেশন/রেজিস্ট্রেশন | | | |
| | খ) | সংঘস্মারক এবং সংঘবিধি | | | |
| | গ) | পরিচালকদের অংশিদারিত্বের বিবরণসহ তালিকা এবং আবেদনকারীদের সাথে লাইসেন্স/রেজিস্ট্রেশন সার্টিফিকেটধারী অন্যান্য অপারেটরের সাথে সম্পর্ক | | | |
| | ঘ) | শেয়ারহোল্ডারদের ইক্যুইটি/মালিকানার বিবরণ | | | |
| | ঙ) | শেয়ারহোল্ডার ব্যক্তি/প্রতিষ্ঠান যারা বিটিআরসির লাইসেন্সধারী অপারেটর অথবা যারা অন্য কোন লাইসেন্সের জন্য আবেদন করেছে তাদের তালিকা এবং তাদের সাথে আবেদনকারীর সম্পর্কের বিবরণ | | | |
| | চ) | কোম্পানির পরিচালক ও অনুমোদিত প্রতিনিধিদের জাতীয় পরিচয়পত্র (বাংলাদেশীদের জন্য)/পাসপোর্ট (বিদেশীদের জন্য) এবং পরিচয়মূলক অন্যান্য সার্টিফিকেট | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | নিম্নলিখিত ঘোষণাপত্র/অঙ্গীকারনামা প্রদান | | | |
| | ক) কোম্পানি বা এর পরিচালকদের আদালত কর্তৃক দেউলিয়া ঘোষণা করা হয়নি। | | | |
| | খ) কোম্পানির পরিচালকগণ কোন গুরুতর অপরাধ বা অনৈতিক/নীতিবহির্ভূত (লঘু অপরাধ ব্যতীত) এর জন্য আদালত কর্তৃক কখনো দোষী সাব্যস্ত হননি। | | | |
| | গ) আবেদনকারী কোম্পানী বা এর গ্রুপ/কনসোর্টিয়াম সদস্যরা কেউই কমিশন কর্তৃক খেলাপি ঘোষিত নয়। | | | |
| ৫. | ট্যাক্স আইডেন্টিফিকেশন নম্বর (টিআইএন) সহ আয়কর প্রত্যায়ন পত্র (যদি থাকে) | | | |
| ৬. | হালনাগাদ ট্রেড লাইসেন্স | | | |
| ৭. | ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট | | | |
| ৮. | আবেদনকারী কোম্পানির মাধ্যমে বাংলাদেশে টিভিএএস প্রদানের জন্য গ্রুপ/যৌথমালিকানা/কনসোর্টিয়াম সদস্যদের নিকট হতে মূল লেটার হেড প্যাডে ক্ষমতাপত্র | | | |
| ৯. | যে ব্যক্তি আবেদনপত্র জমা প্রদান এবং স্বাক্ষর করবে তার মনোনয়ন এর বিষয়ে আবেদনকারীর পরিচালনা পর্ষদের কার্যবিবরণী | | | |
| ১০. | আবেদনপত্র জমা ও স্বাক্ষর প্রদানকারী ব্যাক্তিকে প্রদত্ত বিশেষ পাওয়ার অফ অ্যাটর্নি | | | |
| ১১. | আবেদনকারী, প্রধান ব্যবস্থাপনা কর্মী ও শেয়ারহোল্ডারগণের টেলিকমিউনিকেশন সংক্রান্ত অভিজ্ঞতার সংক্ষিপ্ত বিবরণ | | | |
| ১২. | সেবা/প্রকল্পের প্রথম বছরের মূলধন সংক্রান্ত ব্যয় এবং ইক্যুইটি ও ঋণ আকারে প্রাপ্ত অর্থের উৎস | | | |
| ১৩. | কারিগরি পরিকল্পনা এবং সিস্টেম কনফিগারেশন | | | |
| ১৪. | এমন কোন বিষয় যার প্রকাশ করা বা না করা যা আবেদনকারীর লাইসেন্স/রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রদানের ক্ষেত্রে কমিশনের সিদ্ধান্তকে উল্লেখযোগ্য ভাবে প্রভাবিত করতে পারে | | | |
| ১৫. | আবেদনকারীর আদালতে বিচারাধীন কোন বিষয় (যদি থাকে) | | | |
| ১৬. | পরিশিষ্ট-২ এ উল্লিখিত হলফনামা | | | |
| ১৭. | ক্ষমতাপ্রদান সংক্রান্ত পত্র এবং ঘোষণাপত্র | | | |

**ঘোষণা:**

১. আবেদনকারী/শেয়ারহোল্ডার/অংশীদার এর ইতিপূর্বে কোন লাইসেন্সের আবেদন বাতিল করা হয়েছে কি না?

□ হ্যাঁ □ না (যদি হ্যাঁ হয়, সেই ক্ষেত্রে আবেদনের তারিখ ও বাতিলের কারণ উল্লেখ করুন)

২. আবেদনকারী/শেয়ার হোল্ডার/অংশীদার এর কমিশনের অন্য কোন অপারেটর লাইসেন্স/রেজিস্ট্রেশন সার্টিফিকেট রয়েছে কি না?

□ হ্যাঁ □ না (যদি হ্যাঁ হয়, সেই ক্ষেত্রে বিস্তারিত তথ্য উল্লেখ করুন)

৩. আবেদনকারী/শেয়ারহোল্ডার/অংশীদার এর ইতিপূর্বে কোন লাইসেন্স/রেজিস্ট্রেশন সার্টিফিকেট বাতিল করা হয়েছে কি না?

□ হ্যাঁ □ না (যদি হ্যাঁ হয়, সেই ক্ষেত্রে বাতিলের কারণ ও তারিখ উল্লেখ করুন)

৪. আবেদনকারী/মালিকগণ/পরিচালকগণ/অংশীদারগণ কি কোন অবৈধ কল টার্মিনেশনের সাথে জড়িত ছিল? □ হ্যাঁ □ না (যদি হ্যাঁ হয়, সেই ক্ষেত্রে অনুগ্রহ করে নিম্নলিখিত বিবরণ প্রদান করুন:

(i) অবৈধ কার্যকলাপে জড়িত থাকার সময়কাল: ______________________

(ii) মামলা নম্বর (প্রযোজ্য হলে): ______________________

(iii) কমিশনে পরিশোধিত প্রশাসনিক জরিমানা (প্রযোজ্য হলে):

(ক) পরিমাণ (টাকা): ______________________

(খ) চেক নম্বর/ব্যাংক ড্রাফট নম্বর: ______________________

(iv) কমিশন বরাবর প্রদত্ত অঙ্গীকারনামা: □ হ্যাঁ □ না

আমি/আমরা ঘোষণা করছি যে, এই আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সত্য এবং সঠিক। আমি/আমরা অবগত রয়েছি যে, কমিশন হতে এই আবেদনের সাথে সংযুক্ত তথ্যের উপর ভিত্তি করেই অনুমোদন প্রদান করা হয়েছে। আবেদনের সাথে সংযুক্ত কোন তথ্যে বানোয়াট বা মিথ্যা তথ্য পাওয়া গেলে যে কোন রেজিস্ট্রেশন সার্টিফিকেট কমিশন হতে বাতিল করা হতে পারে।

আমি/আমরা আরও ঘোষণা করছি যে, আমি/আমরা বাংলাদেশে টেলিকমিউনিকেশন ভ্যালু অ্যাডেড সার্ভিসেস (টিভিএএস) প্রদান ও রেজিস্ট্রেশন সার্টিফিকেট জারি করার জন্য গাইডলাইনে উল্লিখিত সকল নিয়মাবলী/শর্তাবলী পাঠ করেছি, বুঝেছি এবং এই আবেদন কমিশন কর্তৃক অনুমোদিত হলে সেই নিয়মাবলী/শর্তাবলী প্রতিপালনের অঙ্গীকার করছি।

তারিখ:

স্বাক্ষরের স্থান:

স্বাক্ষর

আবেদনকারী/অনুমোদিত স্বাক্ষরকারীর

নাম ও সীল

## পরিশিষ্ট-২

### ঘোষণাপত্র/অঙ্গীকারনামা

নিম্নস্বাক্ষরকারী যথাযথভাবে অঙ্গীকার করছে যে, ---------------------------------------------------------------------------,
(অফিসিয়াল নাম/ব্যক্তিগত আবেদনকারীর নাম)

বয়স -------------- এবং নিবাস---------------------------------------------------------------------------------------------।
(ঠিকানা)

১। তিনি (পুঃ/স্ত্রী) ---------------------------------------------------------------------------------------------------------,
(দাপ্তরিক পদবী)

---------------------------------------------------------------------------------------------------------------------------,
(কোম্পানী/কর্পোরেশন/অংশীদারি কারবার/সমিতি/ব্যক্তি মালিকানা-এর নাম (আবেদনকারী))

--------------------------------------------এর আইন অনুযায়ী যথাযথভাবে গঠিত।
(দেশের নাম)

অথবা

তিনি (পুঃ/স্ত্রী) নিম্নোল্লিখিত রেজিস্ট্রেশন প্রাপ্তির জন্য একজন আবেদনকারী, যিনি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের একজন নাগরিক।

২। ব্যক্তিগতভাবে, এবং -----------------------------------------------------------------------------------------------------
(দাপ্তরিক পদবী)

হিসেবে আবেদনকারীর (পুঃ/স্ত্রী) পক্ষে তিনি এই মর্মে প্রত্যয়ন করছে যে:

ক) বাংলাদেশে টেলিকমিউনিকেশন ভ্যালু অ্যাডেড সার্ভিসেস (টিভিএএস) প্রদানের লক্ষ্যে রেজিস্ট্রেশন সার্টিফিকেট জারির জন্য আবেদনকারী কর্তৃক প্রস্তুতকৃত আবেদনের সাথে সংযুক্ত প্রয়োজনীয় সকল বিবরণ সত্য ও সঠিক;

খ) বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন হতে বাংলাদেশে টেলিকমিউনিকেশন ভ্যালু অ্যাডেড সার্ভিসেস (টিভিএএস) প্রদানের লক্ষ্যে রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রাপ্তির উদ্দেশ্যে ------------------------------ কর্তৃক দাখিলকৃত আবেদনের অভিব্যক্তিস্বরূপ এই
(নাম)
প্রত্যায়নটি করা হলো;

গ) আবেদনকারী কমিশন অথবা এর দ্বারা স্বীকৃত কোন সংস্থার নিকট আবেদন সংশ্লিষ্ট অথবা যোগ্যতা ও সাধারণ খ্যাতি সংক্রান্ত যে কোন তথ্য যা যাচাই করা প্রয়োজন তা সরবরাহ করবে;

ঘ) এর যেকোনো পরিচালক(গণ) বা অংশীদার(গণ) (যেখানে আবেদনকারী একটি কোম্পানীঃ

(i) একজন বিকৃত মস্তিষ্কের ব্যক্তি নয়;

(ii) আদালত কর্তৃক বাংলাদেশ টেলিযাগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ (আইন) ব্যতীত অন্য কোন আইনের অধীনে ২ (দুই) বছর বা তদূর্ধ্ব মেয়াদের কারাদন্ডে দন্ডিত হয়নি, যেখানে দন্ডিত হয়েছেন উক্ত দন্ড হতে মুক্তি লাভের পর ৫ (পাঁচ) বছর অতিক্রান্ত হয়েছে;

(iii) এই আইনের অধীন কোন অপরাধ সংঘটনের দায়ে দন্ডিত না হয়ে থাকেন এবং উক্ত আইনের অধীনে কোন অপরাধ সংঘটনের দায়ে দন্ডিত হওয়ার ক্ষেত্রে উক্ত দন্ড হতে মুক্তি লাভের পর ৫ (পাঁচ) বছর অতিক্রান্ত হয়েছে;

(iv) আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হয়নি এবং দেউলিয়াত্বের দায় হতে অব্যাহতি লাভ করেছেন;

(v) কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের ঋণ খেলাপি হিসেবে উক্ত ব্যাংক বা প্রতিষ্ঠান বা বাংলাদেশ ব্যাংক বা আদালত কর্তৃক চিহ্নিত বা ঘোষিত হয়নি;

(vi) বিগত ৫ (পাঁচ) বছরের মধ্যে কোন সময় তার কোন লাইসেন্স/রেজিস্ট্রেশন সার্টিফিকেট কমিশন কর্তৃক বাতিল করা হয়নি;

(vii) কমিশনের প্রাপ্য কোন বকেয়া নেই;

ঙ) নিম্নস্বাক্ষরকারী, আবেদনকারী বা এই হলফনামায় প্রতিনিধিত্ব এবং স্বাক্ষর করার নিমিত্তে আবেদনকারীর দ্বারা যথাযথভাবে ক্ষমতাপ্রাপ্ত।

-----------------------------------------------------------------------------------

(পরিচালক/সচিব/অংশীদার/যথাযথভাবে ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি/আইনজীবী/ব্যক্তি বা আবেদনকারীর পক্ষে)

সাক্ষী:

১। ------------------------------------------------ ২। ---------------------------------------------

আমার সামনে শপথ ও স্বাক্ষর করেছেন

------------দিন --------------------------- ২০---------, সময় ----------------------------

**নোটারী পাবলিক**

পরিশিষ্ট-৩

[টেলিকমিউনিকেশন ভ্যালু অ্যাডেড সার্ভিসেস প্রদানকারীর জন্য রেজিস্ট্রেশন সার্টিফিকেটের নমুনা ফরম]

**বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন**

আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০

| |
|---|
| **বাংলাদেশে টেলিকমিউনিকেশন ভ্যালু অ্যাডেড সার্ভিস (টিভিএএস) প্রদানের জন্য রেজিস্ট্রেশন সার্টিফিকেট** |

| |
|---|
| **রেজিস্ট্রেশন নম্বর:** |
| **তারিখ:** |
| **রেজিস্ট্রেশনকৃত প্রতিষ্ঠানের নাম:** |
| **রেজিস্ট্রেশনকৃত প্রতিষ্ঠানের ঠিকানা:** |
| **রেজিস্ট্রেশনের মেয়াদ: ………………………………হতে…………………………………..পর্যন্ত** |

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) ……………………তারিখের আবেদন বিবেচনা করে…………………………………………… অনুকূলে রেজিস্ট্রেশন সার্টিফিকেট জারি করছে। রেজিস্ট্রেশনকারী প্রতিষ্ঠানকে বাংলাদেশে টেলিকমিউনিকেশন ভ্যালু অ্যাডেড সার্ভিসেস (টিভিএএস) প্রদানের লক্ষ্যে রেজিস্ট্রেশন সার্টিফিকেট জারি করার জন্য রেগুলেটরি গাইডলাইনে উল্লিখিত সকল শর্তাবলী মেনে চলতে হবে নং-XX.XX.XXXX.XXX.XX.XXX.XX.XXX, তারিখ: XX-XX-XXXX (এতদসঙ্গে সংযুক্ত)। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে এই রেজিস্ট্রেশন সার্টিফিকেট জারি করা হলো।

পরিচালক

লিগ্যাল এন্ড লাইসেন্সিং বিভাগ

বিটিআরসি

## তফসিল-১

### ব্যাখ্যা, সংজ্ঞা এবং শব্দসংক্ষেপ

প্রসঙ্গের প্রয়োজন ভিন্নরূপ না হলে, এই গাইডলাইনে ব্যবহৃত বিভিন্ন শর্তাবলী এবং অভিব্যক্তির জন্য নিম্নলিখিত অর্থ নির্ধারিত হবে।

১. **"অ্যাক্সেস নেটওয়ার্ক সার্ভিস (ANS) প্রদানকারী"** বলতে সেই সকল টেলিকমিউনিকেশন লাইসেন্সধারীকে বোঝাবে যারা ৩য় স্তরে রয়েছে, অর্থাৎ আইএলডিটিএস পলিসিতে গ্রাহক সেবা প্রদানকারী স্তর। এই লাইসেন্সধারী তারা যাদের সাথে প্রান্তিক গ্রাহকদের সরাসরি সংযোগ থাকবে এবং যাদের মাধ্যমে প্রান্তিক গ্রাহকরা বিভিন্ন টেলিকমিউনিকেশন সেবা পাবে।

২. **"আইন"** অর্থ বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ (সংশোধিত)।

৩. **"আবেদন ফরম"** অর্থ টেলিকমিউনিকেশন ভিএএস প্রদানকারীর রেজিস্ট্রেশন সার্টিফিকেটের লক্ষ্যে আবেদন করার জন্য নির্ধারিত ফরম।

৪. **"অ্যাপ্লিকেশন ডেভেলপার"** অর্থ যেকোন ধরনের প্রতিষ্ঠান যারা টেলিকমিউনিকেশন/আইসিটি সম্পর্কিত ভ্যালু অ্যাডেড সার্ভিসেস, বিষয়বস্তু এবং অ্যাপ্লিকেশন তৈরি করে।

৫. **"অ্যাপ্লিকেশন সার্ভিসেস"** হল বর্ধিত সেবা যা আনুষঙ্গিক প্রকৃতির, যা মূল টেলিযোগাযোগ সেবার সঙ্গে মূল্য সংযোজন করে বা টেলিকমিউনিকেশন নেটওয়ার্কের মাধ্যমে স্বতন্ত্র অ্যাপ্লিকেশন সেবা হিসাবে প্রদান করা যেতে পারে।

৬. **"কনটেন্ট প্রোভাইডার"** অর্থ যে কোন ধরনের প্রতিষ্ঠান যারা ভ্যালু অ্যাডেড সার্ভিস, কনটেন্ট এবং টেলিকমিউনিকেশন/ আইসিটি সম্পর্কিত অ্যাপ্লিকেশন তৈরি/সরবরাহ করে।

৭. **"কনটেন্ট/অ্যাপ্লিকেশন অ্যাগ্রিগেটর"** বলতে এমন কোম্পানিগুলিকে বোঝায় যারা বিভিন্ন কনটেন্ট/অ্যাপ্লিকেশন এর মালিক/ অ্যাপ্লিকেশন প্রদানকারীদের নিকট হতে প্রাপ্ত কনটেন্ট/অ্যাপ্লিকেশনগুলিকে একত্রিত করে, এটিকে ডিজিটাল বা অন্য কোন উপযুক্ত ফরম্যাটে রূপান্তর করে এবং উপযুক্ত কারিগরি প্রতিষ্ঠান বা এএনএস সেবা প্রদানকারীদের নিকট তা উপলব্ধ করে।

৮. **"কমিশন"** অর্থ বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ (সংশোধিত) এর ধারা ৬ এর অধীনে প্রতিষ্ঠিত বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)।

৯. **"ই-কমার্স"** অর্থ যেকোন টেলিকমিউনিকেশন নেটওয়ার্কের মাধ্যমে যে কোন ডিভাইস, যেমন: মোবাইল ফোন, কম্পিউটার ইত্যাদি, ব্যবহার করে সম্পন্ন যে কোন আর্থিক বা অনুরূপ লেনদেন।

১০. **"সরকার"** অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

১১. **"আন্তঃসংযোগ"** অর্থ আইনের ধারা ২(২) এ সংজ্ঞায়িত আন্তঃসংযোগ।

১২. **"অবকাঠামো"** অর্থ সকল টেলিযোগাযোগ সম্পর্কিত সরঞ্জাম (হার্ডওয়্যার এবং সফটওয়্যার)।

১৩. **"অপারেটর"** অর্থ টেলিযোগাযোগ সেবা প্রদানকারী।

১৪. **"পিএসটিএন"** অর্থ কমিশন কর্তৃক লাইসেন্সপ্রাপ্ত পাবলিক সুইচড টেলিফোন নেটওয়ার্ক।

১৫. **"রেগুলেশন"** অর্থ আইনের অধীনে কমিশন কর্তৃক প্রণীত প্রবিধানসমূহ।

১৬. **"সাবস্ক্রাইবার"** অর্থ যে কোনো ব্যক্তি বা আইনি সত্ত্বা যে রেজিস্ট্রেশন সার্টিফিকেটধারীর নিকট হতে সেবা গ্রহণ করে।

১৭. **"টেকনোলজি এনাবলার"** বলতে এমন প্রতিষ্ঠানকে বোঝায় যারা টেলিকমিউনিকেশন নেটওয়ার্কে একটি কারিগরি স্তর তৈরি করে, যারা অনেক ক্ষেত্রে কনটেন্ট এগ্রিগেটর হিসেবেও কাজ করে। এই কারিগরি স্তরে সাধারণত অ্যাপ্লিকেশন প্ল্যাটফর্ম, অ্যাপ্লিকেশন তৈরি এবং হোস্টিং, এমআইএস এবং রিপোর্টিং টুলস, অপারেটর বিলিং ও কালেকশন এবং পেমেন্ট সেটেলমেন্ট ইঞ্জিন অন্তর্ভূক্ত থাকে।

১৮. **"টেলিকমিউনিকেশনস"** অর্থ আইনের ধারা ২(১১) এ সংজ্ঞায়িত টেলিযোগাযোগ ব্যবস্থা।

১৯. **"টেলিকমিউনিকেশন সার্ভিস"** অর্থ আইন, ২০০১ এর ধারা ২(১৫) এ সংজ্ঞায়িত টেলিযোগাযোগ সেবা।

২০. **"টেলিকমিউনিকেশন সিস্টেম"** অর্থ আইন, ২০০১ এর ধারা ২(১৩) এ সংজ্ঞায়িত টেলিযোগাযোগ ব্যবস্থা।

২১. **"ট্যারিফ"** অর্থ আইন, ২০০১ এর ধারা ২(১৬) এ সংজ্ঞায়িত ট্যারিফ।

২২. **"টিভিএএস"** অর্থ মূল টেলিযোগাযোগ সেবা (যেমন: ভয়েস, এসএমএস, ডেটা ইত্যাদি) ব্যতীত সেই সকল সেবাসমূহ যা মূল টেলিযোগাযোগ সেবাগুলিকে ব্যবহার করে এবং তাতে মূল্য সংযোজন করে। এই সকল সেবা ইলেক্ট্রনিক্যালি ক্রয়/ব্যবহার করা যায় এবং যে কোন এএনএস অপারেটরের ডাইরেক্ট অপারেটর বিলিং (ডিওবি) এবং/অথবা বাংলাদেশ ব্যাংক দ্বারা অনুমোদিত পেমেন্ট পদ্ধতি ব্যবহার করে সরবরাহ করা যায়। টিভিএএস এর উদাহরণগুলির মধ্যে রয়েছে মোবাইল-হেলথ, কলার রিং ব্যাক টোন (সিআরবিটি), লোকেশন ভিত্তিক সেবা (এলবিএস) ইত্যাদি। প্রযুক্তির বিকাশের সাথে সাথে কমিশন সময়ে সময়ে মূল এবং ভ্যালু অ্যাডেড উভয় ধরনের সেবা নির্ধারণ ও প্রকাশ করবে।



মোঃ নুরুন্নবী
পরিচালক (লাইসেন্সিং)
লীগ্যাল এন্ড লাইসেন্সিং বিভাগ
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন